ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



ভুল খানকে বিয়ে করেছ: কারিনাকে কেন বলেছিলেন সালমান? — পৃঃ ৫



মেসির জন্য অলিম্পিকের দরজা খোলা, বললেন মাসচেরানো — পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ০৪৬ ● কলকাতা ● ০৪ ফাল্গুন, ১৪৩০ ● শনিবার ● ১৭ ফেব্রুয়ারী, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## সৈনিক তৈরির তোড়জোড়...

# বিধায়কদের 'হোম ওয়ার্ক' দিলেন অভিষেক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আগামিদিনের আন্দোলনের জন্য কার্যত নতুন সেনাবাহিনী তৈরি করতে চলেছেন তৃণমূলের সেকেন্ড ইন কম্যান্ড অভিষেক বন্দ্যোপাধ্যায়। এদিন দলীয় কর্মীদের সঙ্গে বৈঠকে শাসকদলের নেতা কর্মীদের একাধিক নির্দেশ দেখা যায় অভিষেককে। তিনি বলেন, "দু'জন মাদার, একজন যুব, একজন মহিলা কর্মীর নাম সব বুথ থেকে বিধায়কেরা আগামী ২৯ তারিখের মধ্যে পাঠাবেন দলের শীর্ষ নেতৃত্বকে।এদিন ১০০ দিনের কাজ, আবাস যোজনার টাকা নিয়ে কেন্দ্রের বিরুদ্ধে বঞ্চনার অভিযোগ এনে এদিন আবারও কেন্দ্রীয় সরকারের তীব্র তুলোধনা করেন অভিষেক। তিনি দলীয় সাংসদ-বিধায়কদের নির্দেশ দেন, "আমাদের অভিজ্ঞতা কি মানুষকে বলতে হবে। এক কাপ চা-বিস্কুট খেয়ে বসে মানুষকে বলুন। বিধায়করা ক্যাম্পে যাওয়ার সাথে সাথে ব্লক প্রেসিডেন্টদের সাথে কথা বলুন। যেখানে বিধায়ক নেই, সেখানে ব্লক সভাপতিরা দায়িত্ব নেবেন।"এঁরা আগামিদিনে সব কর্মসূচিতে সৈনিক হিসাবে কাজ করবে।"


এদিন অভিষেক জানান, আগামী ৫ দিনের মধ্যে দলের সমস্ত বিধায়ককে তাঁর বিধানসভা এলাকার ১০ জন এসসি, ৫ এসটি মানুষের নাম পাঠাতে হবে। তাঁর কথায়, "এমন নাম পাঠাবেন যাদের গ্রহণযোগ্যতা, প্রভাব আছে। মানুষ যাঁদের চেনে। যাঁরা বিজেপির বিরুদ্ধে লড়াই করতে প্রস্তুত। তাঁদের নাম পাঠাবেন। আগামীদিনে দল এই ১৫ জনকে কাজে লাগাবে। ধারাবাহিক বিজেপির অত্যাচার এসসি, এসটির দের ওপর অত্যাচার, অপমান। তা বিস্তারিত ভাবে তুলে ধরবেন এঁরা। আমার কাছের লোক হলে হবে না। নাম যাচাই করবে দল।"তিনি জানান, আগামী ১৮ ফেব্রুয়ারি থেকে সব ব্লকে হবে সহায়তা শিবির। সব গ্রাম পঞ্চায়েতে করবেন সহায়তা শিবির। পূর্ণাঙ্গ অঞ্চল কমিটি তথ্য সংগ্রহ করবেন। এই শিবির আগামী ২৫ তারিখ অবধি হবে। সকাল ১০'টা থেকে সন্ধ্যা ছ'টা আট ঘন্টা এই শিবির চলবে। একটা ফর্ম দেওয়া হবে। সেটা আপনারা পূরণ করবেন। সেটা মমতা বন্দ্যোপাধ্যায় হাতে তুলে দেওয়া হবে।

অভিষেক জানান, "বীরবাহা হাঁসদা, মহুয়া মৈত্র্যকে দিল্লিতে কী ভাবে নিগৃহীত করা হয়েছে দিল্লিতে তা দেখেছেন। সাংসদদের বলব, বিধায়কদের বলব এটা নিয়ে ঢালাও প্রচার করুন। সুদীপ বন্দোপাধ্যায় ও ডেরেক ও ব্রায়ানকে বলব সাংসদদের এই দায়িত্ব নিতে

এরপর ৩ পাতায়

নিয়োগ দুর্নীতি মামলায়

## পার্থ ঘনিষ্ঠ ব্যবসায়ীর বাড়িতে তল্লাশি ইডির




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় ফের অ্যাকশনে নামল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। শুক্রবার সকাল থেকে কলকাতার বিভিন্ন প্রান্তে শুরু হয়েছে ইডি তল্লাশি। নাকতলায় পার্থ চট্টোপাধ্যায় ঘনিষ্ঠ এক ব্যবসায়ীর বাড়িতে সকালেই হানা দেয় ইডির ৬ জনের একটি দল। শিক্ষক নিয়োগ নিয়ে যে ভুরি ভুরি আর্থিক দুর্নীতির অভিযোগ উঠেছে, তাতে ব্যবসায়ীর ভূমিকা খতিয়ে দেখতে ইডির তল্লাশি বলে খবর। এছাড়া বালিগঞ্জ, বাঁশদ্রোণী এলাকাতেও সকাল থেকে চলছে ইডি তল্লাশি। শিক্ষক নিয়োগ দুর্নীতির কিনারা করতে বহুদিন ধরেই সচেষ্ট কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। এছাড়াও পুরনিয়োগ ও রেশন দুর্নীতির তদন্ত করছে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। আর সেসবের কিনারা করতে মাঝেমধ্যেই অ্যাকশন চলছে

এরপর ৩ পাতায়

# সন্দেশখালি ইস্যুতে টানাপোড়েন অব্যাহত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সন্দেশখালি ইস্যুতে টানাপোড়েন অব্যাহত। বুধবার সুকান্তর পর বৃহস্পতিবার সন্দেশখালির উদ্দেশে রওনা দেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী । এখনও এলাকায় সমস্ত প্রবেশ পথে জারি রয়েছে ১৪৪ ধারা। তাই আইন মেনে মাত্র তিন জন বিজেপি বিধায়ক সহ বাসে করে উত্তপ্ত সন্দেশখালি পরিদর্শনে যেতে চাইছিলেন শুভেন্দু।এদিন হুঙ্কার করে শুভেন্দু বলেন, 'চোর রাজীব কুমার ও তার মা মমতার নির্দেশেই ভয়ে আমাকে আটকানো হয়েছে।' বিরোধী দলনেতার কথায়, তিনি চাইছেন আদালত তাকে নির্দেশ দিক। তিনি যেন আদালতের নির্দেশ হাতে নিয়ে সন্দেশখালির মা-বোনেদের কাছে যেতে পারেন, আইনগতভাবে সেই চেষ্টা তিনি করবেন।তবে স্বাভাবিকভাবেই তাদের ঘটনাস্থলে যেতে দেওয়া হয়নি। রামপুরে শুভেন্দুদের বাস আটকে দেয় পুলিশ। এরপর সেখানেই নেমে পথে বসে পড়ে বিক্ষোভ দেখাতে শুরু করেন বিজেপি বিধায়ক।


রাস্তায় বসে ধর্না শুরু করেন শুভেন্দুরা। পুলিশের সাথে বেশ কিছুক্ষণ কথা হলেও বিরোধী দলনেতাকে সন্দেশখালি যেতে দেওয়া হয়নি। প্রায় দু'ঘণ্টা পর রামপুর থেকেই ফের কলকাতা ফেরার সিদ্ধান্ত নেন তারা। যদিও শুভেন্দু আগেই জানান, ৫টা পর্যন্ত ধর্না দিয়ে তারপর ফিরে যাবেন। পাশাপাশি খুব স্পষ্ট ভাবেই বিরোধী দলনেতা বলেন, তিনি কোনও গন্ডগোল করতে চান না। পুলিশের ব্যারিকেড ভেঙেও এগিয়ে যেতে চান না। তবে এই নিয়ে যে তিনি আদালতে যাবেন তাও স্পষ্ট জানিয়ে দেন নন্দীগ্রাম বিধায়ক।

ধর্না শেষে ওই বাসে করেই কলকাতায় ফেরেন শুভেন্দু। বাসে ফেরার পথে সাংবাদিকরা তাকে প্রশ্ন করলে হঠাতই ফোনে এক ভিডিও চালিয়ে দেন শুভেন্দু। সাংবাদিককে শুভেন্দু বলেন, 'এই ভিডিয়োটা দেখুন', গাড়িতে ফিরতে ফিরতে ফোন তুলে যা দেখালেন বিরোধী দলনেতা। তাতে রীতিমতো শোরগোল। কী এমন ছিল সেই ভিডিয়োয়?

ভিডিওতে শোনা যাচ্ছে পুলিশ শুভেন্দুকে বলছেন, 'আপনি নিয়ম মেনেই এসেছেন। কিন্তু আপনাকে ঢুকতে দেওয়া যাবে না। নির্দেশ

এরপর ৩ পাতায়



# শুভ আগমন ও আনন্দ উৎসব



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** স্বামী হংসানন্দ (শ্রী মঙ্গলবাবা) কর্তৃক প্রতিষ্ঠিত তারাপীঠ রামকৃষ্ণ মহামন্ডল আশ্রমে বলরাম, সবের্বশ্বর ও মদন মোহন জীউ (তিন ভাই) এর শুভ আগমন ও আনন্দ উৎসব।এদিন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্বামী পরমানন্দ গিরি জী ও স্বামী ব্রহ্মানন্দ গিরি জী মহারাজ।

# সন্দেশখালির নারী নিগ্রহের

## প্রতিবাদে গর্জে উঠলেন 'মহাগুরু'



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অসুস্থতা থেকে সেরে উঠে স্বাস্থ্য পরীক্ষা করাতে বাইপাসের একটি বেসরকারি হাসপাতালে এসেছিলেন মিঠুন চক্রবর্তী। সেখান থেকে বেরনোর পর অপেক্ষমান সাংবাদিকদের মুখোমুখি হন তিনি। তিনি ভাল রয়েছেন বলে জানিয়েছেন। তার পর সাংবাদিকদের একাধিক প্রশ্নের জবাব দিয়েছেন। রাজ্য রাজনীতিতে তোলপাড় সৃষ্টি করা সন্দেশখালির পরিস্থিতি নিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাব দিয়েছেন মিঠুন।দেবের রাজনীতিতে অনীহা, সাংসদ পদ থেকে মিমির পদত্যাগ জমা নিয়েও প্রশ্ন করা হয়েছিল মিঠুন চক্রবর্তীকে। কিন্তু এ বিষয়ে

এরপর ৩ পাতায়

# শাহজাহানের 'পাশে' মমতা





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জেলবন্দি পার্থের পাশে কখনও মমতা বন্দ্যোপাধ্যায় সেই অর্থে দাঁড়াননি। তা বাদ দিয়ে সম্প্রতি বিভিন্ন দুর্নীতিতে বিপন্ন তৃণমূলের প্রায় সব বড় নেতার পাশেই মুখ্যমন্ত্রী তথা তৃণমূলনেত্রী দাঁড়িয়েছেন। প্রকাশ্যেই পাশে থাকার বার্তা দিয়েছেন।এর আগে মমতা বা তৃণমূল দল যাঁদের পাশে দাঁড়িয়েছেন বা দাঁড়িয়েছে, তাঁরা সকলেই 'ওজনদার' নেতা। বালু এখনও মন্ত্রী। গোটা উত্তর ২৪ পরগনা জেলার সংগঠনে তাঁর প্রভাব ছিল। এখনও যে নেই, তা বলা যাবে না। অনুব্রত বীরভূমকে তৃণমূলের 'গড়' তৈরি করেছিলেন। লাগোয়া পূর্ব বর্ধমানের একাধিক ব্লকেও অনুব্রত ছিলেন 'শেষ কথা'। কিন্তু শাহজাহান একেবারেই ব্লক স্তরের নেতা। জেলা পরিষদের মতস্য কর্মাধ্যক্ষ হলেও সন্দেশখালির দু'টি ব্লকের বাইরে তাঁর তেমন বিচরণ ছিল না। অন্তত সাংগঠনিক বিষয়ে। সেই শাহজাহানের 'পাশে দাঁড়ানো' বিবিধ অর্থে 'তাতপর্যপূর্ণ' বলেই মনে করা হচ্ছে। বৃহস্পতিবার সন্দেশখালির নেতা শেখ শাহজাহানের নাম করে বিধানসভায় মুখ্যমন্ত্রী মমতা যা বলেছেন, তাতে বিরোধীদের দাবি, মমতা শাহজাহানের পাশে দাঁড়িয়েছেন। যদিও তৃণমূলের বক্তব্য, মুখ্যমন্ত্রী এক বারও শাহজাহান 'দোষী' না 'নির্দোষ' তা বলেননি। তিনি এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের (ইডি) রণকৌশল নিয়ে বলতে গিয়ে শাহজাহানের নাম করেছিলেন মাত্র।তবে শাসক শিবিরের ওই বক্তব্যের প্রেক্ষিতে অনেকের বক্তব্য, মমতা যেমন বলেননি 'শাহজাহান খুব ভাল ছেলে', তেমনই এ-ও বলেননি যে, শাহজাহান অন্যায় করেছেন। তাঁকে গ্রেফতার করা উচিত। তাঁদের মতে, রাজনীতিতে কে কী বললেন, তার থেকেও গুরুত্বপূর্ণ কে কী বললেন না। বগটুই প্রসঙ্গ তুলে অনেকের বক্তব্য, ঘটনার তিন দিনের মধ্যে মমতা অকুস্থলে পৌঁছেছিলেন। তার পর সেখানে দাঁড়িয়েই পুলিশকে যে নির্দেশ দিয়েছিলেন, তার দু'ঘণ্টার মধ্যে তৃণমূলের ব্লক সভাপতি আনারুল হোসেন তারাপীঠ থেকে গ্রেফতার হয়েছিলেন। সন্দেশখালির ঘটনার পর শাহজাহান প্রায় দেড় মাস সম্পূর্ণ 'বেপাত্তা'। অন্তরাল থেকে ভিডিয়োবার্তা দিয়েছেন। কিন্তু পুলিশ তাঁকে

এরপর ৩ পাতায়

# কড়া নজরদারিতে সম্পূর্ণ হলো

## উচ্চ মাধ্যমিকের বাংলা, ছাত্রের তুলনায় ছাত্রীর সংখ্যা বেশি নবদ্বীপে



**অভিজিৎ সাহা, নদিয়া : নিউজ সারাদিন :** শুক্রবার শুরু হল রাজ্য ব্যাপী উচ্চ মাধ্যমিক পরীক্ষা। সাত লক্ষ নব্বই হাজার পরীক্ষার্থী, ২৩৪১ টি পরীক্ষা কেন্দ্র। পর্ষদের করা হুঁশিয়ারি ছিল পরীক্ষার্থীদের পাশাপাশি শিক্ষক ও শিক্ষা কর্মীদের ও মোবাইল না আনার। সেন্টার সেক্রেটারি, সেন্টার ইনচার্জ, ভেনু সুপারভাইজার এবং সংসদ মনোনীত প্রতিনিধিরা ফোন রাখতে পারলেও পরীক্ষার হলে ঢুকতে পারবে না। সকাল ৯:৪৫ মিনিট থেকে দুপুর একটা পর্যন্ত সোয়া তিন ঘন্টা ধরে পরীক্ষা চলবে। নদীয়া জেলা ব্যাপী করা নজরদারিতে সম্পুর্ন হল উচ্চ মাধ্যমিকের বাংলা। জেলা সূত্রে খবর তেমন কোনো রকম সমস্যায় পড়তে হয় নি পরীক্ষার্থীদের সুন্দর ও সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে বাংলা ভাষা। নদীয়া জেলার তীর্থ নগরীর চৈতন্য ভূমিতে এবারের উচ্চ মাধ্যমিকের প্রধান ভেনু নবদ্বীপ হিন্দু স্কুল। ভেনু ইনচার্জ সুখেন্দু নাথ রায় বলেন নবদ্বীপ পুরো এলাকায় পরীক্ষা কেন্দ্র হয়েছে ছয়টি। মোট ১৩৭১ জন পরীক্ষার্থী নবদ্বীপ হিন্দু স্কুল, বকুলতলা উচ্চ বিদ্যালয়, তারাসুন্দরী গার্লস, নবদ্বীপ বালিকা বিদ্যালয় (ঈশানি), নবদ্বীপ শিক্ষা মন্দির, বঙ্গ বাণী ইনস্টিটিউশন ফর গার্লস, এবং গ্রামীন নবদ্বীপ বিধানসভা কেন্দ্রের বামুন পুকুর হাইস্কুল এবং মায়াপুর ঠাকুর ভক্তিবিনোদ ইনস্টিটিউট পরীক্ষা হচ্ছে। প্রথম দিন পরীক্ষা কেন্দ্রে ১৩৭১ জনের মধ্যে১৩৬০ জন পরীক্ষার্থী উপস্থিত হয়েছে। ৭জন ছাত্রী এবং ৪জন ছাত্র অনুপস্থিত ছিল। ছাত্র সংখ্যা ৬৪৯ জনের মধ্যে ৬৪৫ জন উপস্থিত। ছাত্রী সংখ্যা ৭২২ জনের মধ্যে ৭১৫ জন উপস্থিত হয়েছিল বলে তিনি জানান। সুখেন্দু বাবু বলেন সুন্দর সুষ্ঠভাবে সম্পূর্ণ হয়েছে প্রথম দিনের পরীক্ষা। সমস্ত কেন্দ্রেই ভালো ব্যবস্থা রাখা হয়েছিল।

নবদ্বীপ থানার আইসি জলেশ্বর তেওয়ারি বলেন পরীক্ষার প্রথম দিন থেকেই নবদ্বীপের ট্রাফিক ইউনিট কাজ শুরু করেছে। শহরের বিভিন্ন মোড় এবং পরীক্ষা কেন্দ্রের সামনে পুলিশের সঙ্গে থাকবে ট্রাফিক ইউনিটের অফিসার কর্মীরা। শহরের যত্রতত্র টোটো স্ট্যান্ড সরিয়ে দেওয়া হচ্ছে, রাস্তায় কোন রকম যানজট সৃষ্টি করা যাবেনা এইরকমই নির্দেশ দেওয়া হয়েছে। যানবাহন যাতে ঠিকভাবে নিয়ন্ত্রণ করে যাত্রী আনা নেওয়া করে তার দিকেও নজর রাখা হচ্ছে। কোনরকম অসুবিধা হলে পুলিশ প্রশাসন সর্বত্র সহযোগিতায় হাত বাড়িয়ে দেবেন বলে তিনি জানান। সমস্ত পরীক্ষা কেন্দ্রে আইসি জলেশ্বর বাবু নিজে সশরীরে উপস্থিত হয়ে পর্যবেক্ষণ করেছেন তা লক্ষ্য করা গেছে। পরীক্ষা কেন্দ্র থেকে হাসিমুখে পরীক্ষার্থীদের বের হতে দেখা গেল এবং জিজ্ঞাসা করে জানা গেল প্রশ্ন কেমন হয়েছে তারা উত্তরে বলল খুব সুন্দর। সোমবার উনিশে ফেব্রুয়ারী দ্বিতীয় পত্র ইংরেজি ভাষা, তার প্রস্তুতি নিতে ব্যস্ত ছাত্রছাত্রীরা।

# স্ত্রীর কাটা মাথা হাতে

## ঘুরে বেড়াল স্বামী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রেমদিবসে হাড়হিম এক দৃশ্য দেখেছিল বাংলা। মেদিনীপুরের চিন্তিপুরে এক যুবককে দেখা যায় স্ত্রীর কাটা মুন্ডু হাতে ঘুরে বেড়াতে। এবার তেমনই দৃশ্য দেখা গেল উত্তরপ্রদেশেও । বৃহস্পতিবার স্ত্রীর কাটা মাথা হাতে নিয়ে ঘুরে বেড়াল অনিল নামের এক ব্যক্তি।এই ঘটনার আগের দিন ভ্যালেন্টাইনস ডে-তে পূর্ব মেদিনীপুরের পটাশপুরের চিন্তিপুর গ্রামে দেখা গিয়েছিল এমনই দৃশ্য। অভিযুক্ত চুয়াল্লিশ বছরের গৌতম গুছাইত। স্থানীয়দের দাবি, গৌতম মানসিক ভারসাম্যহীন। একবার নাকি আলিপুর চিড়িয়াখানায় সিংহর গলায় মালা পরানোর উপক্রমও করেছিল সে। বাংলার ওই যুবকও পরকিয়া সন্দেহেই তার স্ত্রীর গলা কেটে খুন করেছে বলে অভিযোগ। এমন বীভৎস ঘটনায় চাঞ্চল্য যোগীরাজ্যে।

এক সর্বভারতীয় সংবাদমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন থেকে জানা যাচ্ছে, আট বছর আগে ওই মহিলার সঙ্গে বিয়ে হয়েছিল অভিযুক্তের। কিন্তু তাঁরা আলাদাই থাকতেন। অভিযুক্ত অনিলের সন্দেহ ছিল, স্ত্রী পরকিয়ায় জড়িয়েছে। আর এর পরই সে তাঁর মাথা কেটে খুন করে বলে দাবি পুলিশের। ওই দম্পতির দুই সন্তান রয়েছে। অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে। তাকে জিজ্ঞাসাবাদ করে বিষয়টি খতিয়ে দেখছেন তদন্তকারীরা।

# রাষ্ট্রপতি শাসন জারির পরিস্থিতি,

## সন্দেশখালি নিয়ে দ্রৌপদী মুর্মুকে রিপোর্ট এস সি কমিশনের



**নয়াদিল্লি: নিউজ সারাদিন :** সন্দেশখালির যা পরিস্থিতি তাতে রাষ্ট্রপতির শাসন জারি

এরপর ৩ পাতায়

# 'ভার্দা গোয়েঙ্কা ফাইন জুয়েলস বাই ডায়াগোল্ড'

## সংস্থা তার সৌন্দর্যময়তার ২৫ বছরের বর্ষপূর্তি উদযাপন করছে



**কলকাতা, ১৫ই ফেব্রুয়ারি, ২০২৪: নিউজ সারাদিন :** ফাইন জুয়েলারির জগতে চারুশীল নান্দনিকতা ও পরিশীলিত রুচির প্রতীক, 'ভার্দা গোয়েঙ্কা ফাইন জুয়েলস বাই ডায়াগোল্ড' সংস্থা, অভিজাত আইটিসি রয়্যাল বেঙ্গলের এক চোখ-ধাঁধানো অনুষ্ঠানে ২৫ বছরের বর্ণময় যাত্রাকে স্মরণ করতে উদ্যোগী হয়েছে। ১৫ই ফেব্রুয়ারি কলকাতায় বিশিষ্ট ব্যক্তিত্বদের উজ্জ্বল উপস্থিতিতে এই ইভেন্ট অনুষ্ঠিত হয় যেখানে বিভিন্ন আলোচনার ফাঁকে সংস্থার বিগত ২৫ বছরের অসাধারণ কারিগরি দক্ষতা ও কালজয়ী সৌন্দর্যের কথাই বারে বারে উঠে এসেছে।

"গত ২৫ বছরে 'ভার্দা গোয়েঙ্কা ফাইন জুয়েলস বাই ডায়াগোল্ড' যাত্রা কমনীয়তা, কারুকার্য এবং স্থায়ী সৌন্দর্যের একটি অসাধারণ চয়নিকা। আমাদের প্রিয় গ্রাহকগণ, বন্ধুবান্ধব ও পরিবারের সকলেই আমাদের এই পথ চলাতে অবিচ্ছেদ্য অঙ্গ হিসাবে পাশে থেকেছেন। আমরা যেহেতু ফেলে আসা অতীতের দিনগুলিতে অর্জিত শিক্ষা ও জ্ঞানের ভিত্তিতেই আগামী দিনগুলিকে আরও শক্তিশালী করে তুলি, তাই কালজয়ী শিল্পের উদ্ভাবনে আমাদের দায়বদ্ধতা সর্বদা অটুট থাকে। তাই এই উদযাপন শুধু বিগত বছরের স্মৃতি রোমন্থনই নয়, আগামী দিনগুলিতে আমরা নতুন যা কিছু অর্জন করতে চলেছি তার প্রতিশ্রুতির কথাও আমরা আজ ঘোষণা করতে চাই", মিসেস ভার্দা গোয়েঙ্কা একথা বলেন।

এই মনোমুগ্ধকর সন্ধ্যার শুরুতেই দর্শকরা এক অসাধারণ ট্যাবলোর সিরিজ প্রত্যক্ষ করেন যেখানে ভার্দা গোয়েঙ্কা ফাইন জুয়েলস বাই ডায়াগোল্ডের লেটেস্ট জুয়েলারি পরা লাইভ মডেলগণ সংস্থার নতুন নতুন সৃজনশীলতার বিভিন্ন দিককে তুলে ধরেন। ব্র্যান্ডের তৈরি জুয়েলারির কালজয়ী এবং অনন্য ট্রেন্ডের সৌষ্ঠব ও গঠনের উদ্ভাবনীমূলক দায়বদ্ধতাকেই সেই ট্যাবলোর মাধ্যমে প্রদর্শন করা হয়।

বিশিষ্ট সন্মানিত ব্যক্তিত্ব ও মানুষজন যারা ডায়াগোল্ডের সবচেয়ে সুন্দর কালেকশন পরে এবং অনুষ্ঠানে আয়োজিত র‍্যাম্পে অংশগ্রহণ করে সমগ্র পরিবেশকে আরও আকর্ষণীয় করে তুলেছিলেন। এছাড়াও নিজেদের ডোমেনে সাফল্য অর্জন করা বিশিষ্ট নারীরা এই র‍্যাম্পে হেঁটে অনুষ্ঠানকে অন্য একটি লেভেলে পৌঁছে দিতে সক্ষম হয়েছিলেন।

ইভেন্টের শুরুতেই চোখ ধাঁধানো ট্যাবলো থেকে লেটেস্ট জুয়েলারি কালেকশনের প্রদর্শনীর মধ্য দিয়ে অতি সুচারুভাবে এবং নির্বিঘ্নে এই ইভেন্ট সম্পন্ন হয়েছিল। এর পরেই আমাদের পরম প্রিয় গ্রাহকগণ ডায়াগোল্ডের অনন্য কালেকশন পরে এক অসাধারণ ফ্যাশন ওয়াকে পা মিলিয়েছিলেন। উদযাপনের শেষ লগ্নে নৈশভোজের আয়োজন করা হয়েছিল। সেখানে আমন্ত্রিত অতিথিগণ ডায়াগোল্ডের আভিজাত্য ও শ্রেষ্ঠত্বের এই ঐতিহ্যের ২৫ বছরের পূর্তি উপলক্ষ্যে সংস্থার আগামী দিনের সমস্ত প্রচেষ্টার জন্য শুভকামনা জানিয়েছিলেন। এই মাইলফলক উদযাপনকে একটি দুর্দান্ত সাফল্যে পরিণত করার জন্য, ভার্দা গোয়েঙ্কা ফাইন জুয়েলস বাই ডায়াগোল্ড প্রত্যেক ব্যক্তিকে আন্তরিক অভিজ্ঞতা জানাচ্ছে যারা এই ইভেন্টে অংশগ্রহণ করেছেন এবং নিজেদের অবদান রেখে সমগ্র অনুষ্ঠানকে সাফল্যমণ্ডিত করে তুলেছেন।







## '১ মার্চ ও ২ মার্চ

# সরকারের তরফে প্রত্যেক অঞ্চলে সভা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : একুশের নির্বাচনের আগে গানে-স্লোগানে ভেসেছিল বাংলার প্রায় প্রতিটি রাজনৈতিক দল। তারই সঙ্গে ছিল বিজেপির 'পঞ্চপাণ্ডব' প্ল্যান। ওদিকে মাস্টার প্ল্যান সাজাচ্ছিলেন তখন পিকে । আর এবার দোরগড়ায় লোকসভা ভোট । প্রায় ইতিমধ্যেই কলকাতা এসে দলীয় বৈঠকে টার্গেট বেঁধে দিয়েছেন নির্বাচনের ফলাফল মনে করিয়ে ফুতকারে উড়িয়ে দিচ্ছেন মমতা বন্দ্যোপাধ্যায় থেকে ফিরহাদ হাকিম।এদিন অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেন, লোকসভার আগে তৃণমূল কংগ্রেসের অস্ত্র ১০০ দিনের টাকা। রাজ্যের কোষাগার থেকে ১ মার্চ টাকা দেওয়া হবে। ১৮ থেকে ২৫ ফেব্রুয়ারি পর্যন্ত রাজ্য জুড়ে তৃণমূলের সহায়তা শিবির। দক্ষিণ ২৪ পরগনা বাদে রাজ্যের ৩৩৪৩টি অঞ্চলে হবে শিবির। বিধায়ক। সাংসদদের শিবির পরিদর্শন বাধ্যতামূলক। প্রতিটি বিধানসভা অঞ্চল থেকে ১০ জন এসসি ও ৫জন এসটি কর্মীর নাম পাঠানোর নির্দেশ। প্রতিটি বুথ থেকে ৪ জন একনিষ্ঠ তৃণমূল কর্মীর নাম পাঠাতে হবে রাজ্যকে। ১ মার্চ ও ২ মার্চ সরকারের তরফে প্রত্যেক অঞ্চলে সভা। চায়ে পে চর্চার আদলে চায়ের দোকানে বসে কেন্দ্রীয় বঞ্চনা তুলে ধরার নির্দেশ। তৃণমূলের সর্বস্তরের নেতাদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের।ঠিক এমনই এক সময় কড়া বার্তা দিলেন অভিষেক বন্দ্যোপাধ্যায় । বললেন,' ১ মার্চ ও ২ মার্চ সরকারের তরফে প্রত্যেক অঞ্চলে সভা..।' কী পরিকল্পনা তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদকের?

# বিশ্বজিত দাসের ইডি হেফজতের নির্দেশ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : রেশন দুর্নীতি মামলায় গ্রেফতার বিশ্বজিত দাসের ইডি হেফাজতের নির্দেশ দিল আদালত। আগামী ২৩ ফেব্রুয়ারি পর্যন্ত তাঁকে ইডি হেফাজতের নির্দেশ দেওয়া হয়েছে। পাশাপাশি তাঁকে রেলের বি আর সিং হাসপাতালেই স্বাস্থ্য পরীক্ষা করানোর নির্দেশ দিয়েছেন বিশেষ ইডি আদালতের ভারপ্রাপ্ত বিচারক শুভেন্দু সাহা।ইডি সূত্রের খবর, কেন্দ্রীয় এজেন্সি শঙ্কর আঢ্য ও তাঁর পরিবারের সদস্যদের জিজ্ঞাসাবাদ করে বিশ্বজিতের নাম জানতে পারে। রেশন দুর্নীতি মামলায় যে কোটি কোটি টাকা তছরুপের অভিযোগ উঠেছে সে সংক্রান্ত বিষয়েই জিজ্ঞাসাবাদ করা হয়েছিল তাঁকে। পরে তদন্তে অসহযোগিতার অভিযোগে বিশ্বজিতকে গ্রেফতার করে ইডি। তাঁর কাছ থেকে বিপুল পরিমাণ হাওয়ালা সংক্রান্ত নথি উদ্ধার হয়েছে বলেও খবর।গত মঙ্গলবার সকাল থেকে সল্টলেকের আইবি ব্লক, নিউ আলিপুরের একটি বহুতল মিলিয়ে অন্তত ৬ জায়গায় তল্লাশি চালায় ইডি। সল্টলেকেই বিশ্বজিত দাসের বাড়িতে যান ইডি আধিকারিকরা। এরপরই রেশন দুর্নীতি মামলায় আটাকল মালিক বাকিবুর রহমান, রাজ্যের মন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক এবং শঙ্কর আঢ্যর পর চতুর্থ ব্যক্তি হিসেবে গ্রেফতার হয়েছেন বিশ্বজিত দাস।

ইডির হাতে ধৃত ব্যবসায়ী বিশ্বজিত শঙ্কর আঢ্যর ঘনিষ্ঠ বলেই জানতে পেরেছে কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা। শুক্রবার বিশ্বজিতকে আদালতে পেশ করা হয়। সেই মতো সল্টলেকের ইডি অফিস থেকে তাঁকে নিয়ে বের হন আধিকারিকরা। সেই সময়ই বিশ্বজিত দাস দাবি করেন, শঙ্কর আঢ্যকে তিনি চিনলেও তাঁর সঙ্গে কোনও ঘনিষ্ঠতা ছিল না। একই সঙ্গে বিশ্বজিতের দাবি, তাঁর সঙ্গে যা হয়েছে তা অন্যায়। তিনি শুধুমাত্র একজন ব্যবসায়ী, কোনও রাজনীতির মধ্যে তিনি নেই।

## কোন হারে বাড়বে কেন্দ্র সরকারি কর্মচারীদের বেতন,


# নয়া নিয়ম নিয়ে জল্পনা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : অষ্টম বেতন কমিশনের জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছেন কেন্দ্রীয় কর্মীরা। কিন্তু মনে হচ্ছে সরকার এখন আর কোনো কমিশন গঠনের মুডে নেই। অন্তত তেমনই ধারণা সকলের। সরকার স্পষ্ট জানিয়ে দিয়েছে যে আরেকটি বেতন কমিশন গঠনের প্রয়োজন নেই।অর্থাত, এক অর্থে পে কমিশনের দিন শেষ। সরকার এমন একটি সিস্টেম নিয়ে কাজ করছে যা কর্মীদের পারফরম্যান্সের (পারফরম্যান্স লিঙ্কড ইনক্রিমেন্ট) ভিত্তিতে বেতন বাড়ায়।মূল্যস্ফীতির পরিপ্রেক্ষিতে কর্মচারীদের বেতন বাড়াতে সরকার কী করছে জানতে চাইলে অর্থ প্রতিমন্ত্রী বলেন, এ জন্য তাদের মহার্ঘ ভাতা (ডিএ) দেওয়া হয়। মুদ্রাস্ফীতির হার শিল্প শ্রমিকদের জন্য সর্বভারতীয় ভোক্তা মূল্য সূচকের ভিত্তিতে গণনা করা হয় এবং এর ভিত্তিতে কেন্দ্রীয় কর্মচারীদের মহার্ঘ ভাতা প্রতি ছয় মাস অন্তর সংশোধন করা হয়। এদিকে কেন্দ্রীয় কর্মচারীরাও ডিএ-র জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছেন। সরকার এ বিষয়ে শিগগিরই সিদ্ধান্ত নিতে পারে।এ জন্য আইক্রয়েড ফর্মুলার ভিত্তিতে সব ভাতা ও বেতন পর্যালোচনা করা যেতে পারে।

কেন্দ্রীয় কর্মচারীদের বেতন কাঠামো পরিবর্তনের জন্য প্রতি দশ বছর অন্তর একটি বেতন কমিশন গঠন করা হয়। তার সুপারিশের ভিত্তিতেই কেন্দ্রীয় কর্মচারীদের বেতন নির্ধারণ করা হয়। এ নিয়ে এ পর্যন্ত সাতবার বেতন কমিশন দেওয়া হয়েছে।

সপ্তম বেতন কমিশনকে দেওয়া সুপারিশে বিচারপতি মাথুর বলেছিলেন, 'আমরা আয়ক্রয়েড ফর্মুলায় বেতন কাঠামো স্থির করতে চাই। এক্ষেত্রে জীবনযাত্রার ব্যয়ও বিবেচনায় নেওয়া হয়। এই সূত্রটি দিয়েছিলেন ওয়ালেস রুডেল আইকারোইড। তিনি বিশ্বাস করতেন যে খাদ্য ও বস্ত্র সাধারণ মানুষের জন্য দুটি গুরুত্বপূর্ণ জিনিস। তাদের দাম বাড়ার সঙ্গে সঙ্গে কর্মীদের বেতনও বাড়াতে হবে।'




২ পাতার পর

## রাষ্ট্রপতি শাসন জারির পরিস্থিতি', সন্দেশখালি নিয়ে দ্রৌপদী মুর্মুকে রিপোর্ট এস সি কমিশনের

জরুরি হয়ে পড়েছে। শুক্রবার রাইসিনা হিলসে সন্দেশখালির রিপোর্ট জমা দিয়ে এমনই জানালেন এসসি কমিশনের চেয়ারম্যান অরুণ হালদার। সেই রিপোর্টে একগুচ্ছ অভিযোগ তুলেছে এসসি কমিশন। সন্দেশখালির পরিস্থিতি সামলাতে পুলিশ ব্যর্থ বলে অভিযোগ অরুণ হালদারের।পরে কমিশনের চেয়ারম্যান অরুণ হালদার সাংবাদিকদের মুখোমুখি হয়ে জানান, "আমরা যখন সন্দেশখালিতে যাই, তখন শেখ শাহজাহানের দলবদল আমাদের উপর হামলা চালায়, ভয়াবহ পরিবেশ তৈরি করে। স্থানীয় লোকজন আমাদের সঙ্গে কথা বলতে ভয় পাচ্ছেন। বলছেন, আমরা ফিরে এলেই তাঁদের উপর শাহজাহান বাহিনী হামলা করবে। আমরা সন্দেশখালি থানাতেও যাই। কিন্তু পুলিশ আমাদের সঙ্গে কথাই বলেনি। এসব দেখেশুনে সংবিধানের ৩৩৮ ধারা অনুযায়ী আমাদের দাবি, সেখানে তপসিলি জাতি ও উপজাতির সুরক্ষা বিঘ্নিত হচ্ছে এবং তা হচ্ছে শাসকদলের মদতে। তাই সেখানে রাষ্ট্রপতি শাসন জারির দাবি করছি।"আর সেসবের ভিত্তিতেই তাঁর দাবি, বাংলায় রাষ্ট্রপতি শাসন জারি হওয়া দরকার। নইলে যুক্তরাষ্ট্রীয় কাঠামো ভেঙে পড়ার আশঙ্কা রয়েছে।

বৃহস্পতিবার সন্দেশখালির পরিস্থিতি দেখতে গিয়েছিলেন তপসিলি উপজাতি কমিশনের প্রতিনিধিরা। কিন্তু ১৪৪ ধারা জারি থাকায় সেখানকার অশান্ত এলাকায় তাঁদের ঢুকতে দেওয়া হয়নি। তবে সেখান থেকে নানা তথ্য সংগ্রহ করেন অরুণ হালদারের নেতৃত্বাধীন দলটি। তখনই জানানো হয়েছিল, এসসি কমিশন এবিষয়ে রাষ্ট্রপতিকে রিপোর্ট দেবে। সেইমতো শুক্রবার সন্দেশখালি নিয়ে রাষ্ট্রপতির দরবারে যান অরুণ হালদার। দ্রৌপদী মুর্মুর কাছে রিপোর্ট দিয়ে তাঁর আবেদন, বাংলায় রাষ্ট্রপতি শাসন জারি হোক।

১-ম পাতার পর

## সৈনিক তৈরির তোড়জোড়...

# বিধায়কদের 'হোম ওয়ার্ক' দিলেন অভিষেক

হবে। বিধায়কদের এই দায়িত্ব শোভনদেব চট্টোপাধ্যায় দায়িত্ব নিয়ে বলবেন। সাংসদদের তার বিধানসভার ৫'টা করে ক্যাম্প পরিদর্শন করতেই হবে। ব্লক, অঞ্চলে কথা বলে ২৪ ঘণ্টায় সিদ্ধান্ত নিতে হবে। গায়ের জোরে কিভাবে টাকা আটকানো হয়েছে এটা জনসংযোগে করতে হবে। বিধায়ক-সাংসদ এক সাথে হলে আরও ভাল।"

১-ম পাতার পর

# সন্দেশখালি ইস্যুতে টানাপোড়েন অব্যাহত

নেই।' তবে কেন তাকে ঢুকতে দেওয়া হচ্ছে না। চারজন বিধায়ককে নিয়ে আসার পরেও, কোনও ভাবে ১৪৪ ধারা না ভাঙার পরও কেন তাকে আটকানো হল এই নিয়ে তিনি মামলা দায়ের করবেন বলেও হুঁশিয়ারি দেন নেতা।

১-ম পাতার পর

# নিয়োগ দুর্নীতি মামলায় পার্থ ঘনিষ্ঠ ব্যবসায়ীর বাড়িতে তল্লাশি ইডির

ইডির। শুক্রবারও সিজিও কমপ্লেক্সের ইডি দপ্তর থেকে আধিকারিকরা নানা দলে ভাগ হয়ে বেরন তল্লাশিতে। নাকতলা এলাকায় ব্যবসায়ীর অফিসে ইডি তল্লাশি। নিজস্ব চিত্র।

নাকতলার ব্যবসায়ী রাজীব দে। তিনি প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের ঘনিষ্ঠ বলে বরাবর পরিচিত। এলাকায় গুঞ্জন, মন্ত্রী ঘনিষ্ঠতার কারণেই ওই এলাকায় 'শ্রীরাম কনস্ট্রাকশন' নামে তাঁর প্রোমোটিংয়ের ব্যবসা ফুলেফেঁপে উঠেছে। শিক্ষক নিয়োগ দুর্নীতিতে যাঁরা জড়িত, তাঁদের মধ্যে এই রাজীব দে-ও রয়েছেন বলে ইডির কাছে খবর। আর সেই সূত্রেই শুক্রবার তাঁর বাড়িতে তল্লাশি চালান কেন্দ্রীয় তদন্তকারীরা। রাজীব দে বাদে তাঁর পরিবারের সদস্যদেরও জিজ্ঞাসাবাদ করা হচ্ছে বলে খবর। সূত্রের খবর, প্রোমোটারকে নিয়ে তাঁর অফিসগুলিতে অভিযান চালাতে পারে ইডি।

২ পাতার পর

# শাহজাহানের 'পাশে' মমতা

এখনও ধরতে পারেনি। গত দেড় মাস ধরে সন্দেশখালিতেও ঘটনার ঘনঘটা লেগে রয়েছে।

বৃহস্পতিবার বিধানসভায় মমতা বলেছিলেন, "সন্দেশখালিতে শাহজাহানকে 'টার্গেট' করে ইডি ঢুকল। সেই নিয়ে গোলমাল করে সংখ্যালঘু এবং আদিবাসীদের মধ্যে ঝামেলা লাগানো হচ্ছে। ওখানে আরএসএসের বাসা রয়েছে।" মুখ্যমন্ত্রী ওই বক্তব্য নিয়ে শুক্রবার সিপিএম নেতা সুজন চক্রবর্তী বলেন, "মুখ্যমন্ত্রী যে অপরাধী এবং দুর্নীতিগ্রস্তদের পাশে দাঁড়াচ্ছেন, তা নতুন নয়। শাহজাহান অন্তরাল থেকে বার্তা দিয়েছেন 'আমি সুভাষ বলছি' ভঙ্গিতে। আর মমতা সেই অন্তরালে থাকা শাহজাহানকে বার্তা দিলেন বিধানসভা থেকে।" রাজ্য বিজেপির অন্যতম মুখপাত্র রাজর্ষি লাহিড়ীর বক্তব্য, "তৃণমূলের দুটো জিনিস প্রয়োজন। এক, টাকা। দুই, ভোট করানোর লোক। শাহজাহান দুটোই দেন দলকে। ভোটও করান, লোকের জমি দখল করে ভেড়ির টাকার ভাগও পৌঁছে দেন। পার্থবাবুর বান্ধবীর বাড়িতে যে পরিমাণ নোট উদ্ধার হয়েছিল, তাতে হয়তো তৃণমূলনেত্রী বুঝেছিলেন ওঁরা একা খাচ্ছেন! ৭৫:২৫ অনুপাত সঠিক ভাবে মানা হয়নি। তাই পার্থের পাশে মমতা দাঁড়াননি।" পাশাপাশি রাজর্ষির এ-ও বক্তব্য, "তৃণমূল যাঁদের পাশেই দাঁড়ায়, তাঁদের দু'টি মৌলিক গুণ রয়েছে। টাকা এবং ভোট করানোর দক্ষতা। অনুব্রত মণ্ডল থেকে জ্যোতিপ্রিয় মল্লিক-এ কথা সকলের ক্ষেত্রেই প্রযোজ্য।' 'তৃণমূল মুখপাত্র কুণাল ঘোষের আবার পাল্টা যুক্তি, "মমতা বন্দ্যোপাধ্যায় এক বারও বলেননি শাহজাহান নির্দোষ। তিনি ইডির রণকৌশল সম্পর্কে বলেছেন। তিনি বলেছেন যে, নির্দিষ্ট এক জনকে 'টার্গেট' করে সেখানে ঢুকে গন্ডগোল পাকিয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা।" তবে তৃণমূলের অনেক নেতাই ঘরোয়া আলোচনায় বিবিধ কেন্দ্রীয় এজেন্সির ভূমিকা নিয়ে আশঙ্কা গোপন করছেন না। লোকসভা ভোটে 'ফাঁকা মাঠের' আশঙ্কা নিয়ে জল্পনা রয়েছে শাসকদলে। যার মধ্যে তৃণমূলের অন্যতম মাথাব্যথার কারণ হয়ে দাঁড়িয়েছে পূর্ব মেদিনীপুর জেলা। ঘটনাচক্রে, যা বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর জেলা। তৃণমূলের অনেক নেতাই ঘরোয়া আলোচনায় বলছেন, এনআইএ-কে ব্যবহার করে পূর্ব মেদিনীপুরের এলাকার পর এলাকা ফাঁকা করানো হচ্ছে। পর পর তৃণমূলের নিচুতলার সংগঠকদের গ্রেফতার করা হচ্ছে।তৃণমূল বা মমতা কেন পার্থের পাশে সে ভাবে দাঁড়াননি, তা স্পষ্ট। সম্প্রতি আনন্দবাজার অনলাইনকে দেওয়া একান্ত সাক্ষাতকারে তৃণমূলের 'সেনাপতি' অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেছিলেন, "ওখানে সারকামস্ট্যানশিয়াল এভিডেন্স (পারিপার্শ্বিক তথ্যপ্রমাণ) ছিল। মানুষ টাকার পাহাড়ের ছবি দেখেছিলেন।" আবার জ্যোতিপ্রিয় তথা বালুর কেন মন্ত্রিত্ব যায়নি সেই প্রশ্নে অভিষেকের যুক্তি ছিল, "ইডি বা সিবিআই ভগবান নয়, যে তারা কাউকে গ্রেফতার করলেই তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে!" অনেকের মতে, শাহজাহানের ক্ষেত্রেও তৃণমূল হয়তো সেই লাইনেই হাঁটতে চাইছে। অর্থাৎ, ইডি কারও বাড়িতে গেল মানেই তিনি 'অপরাধী' নন। তবে ভবিষ্যতে যে বালু মন্ত্রিসভা থেকে বাদ পড়তে পারেন, সেই ইঙ্গিতও অভিষেক দিয়েছিলেন। তবে মমতা এখনও পর্যন্ত বালু সম্পর্কে যা বলেছেন, তাতে স্পষ্ট যে, তিনি রাজ্যের ওই মন্ত্রীর গ্রেফতারিকে 'রাজনৈতিক প্রতিহিংসা' হিসাবেই দেখছেন।

২ পাতার পর

# সন্দেশখালির নারী নিগ্রহের প্রতিবাদে গর্জে উঠলেন 'মহাগুরু'

কোনও মন্তব্য করেননি তিনি। দেবকে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার তলব নিয়ে মিঠুন বলেছেন, "দেব মনে হয় না ওই ধরনের ছেলে। তবে এজেন্সিকেও নিজের কাজ করতে হয়।"নারী নিগ্রহের ঘটনার তীব্র প্রতিবাদ করেছেন। পাশাপাশি দেব, মিমির রাজনীতিতে 'অনীহা' নিয়ে মন্তব্য না করলেও ব্যক্তিগত স্তরে তাঁদের প্রতি সহানুভূতি দেখিয়েছেন। সেই সঙ্গে মুখ্যমন্ত্রীর বক্তব্য প্রসঙ্গে আরএসএস নিয়ে নিজের মত ব্যক্ত করেছেন।সন্দেশখালিতে তৃণমূলের দোর্দণ্ডপ্রতাপ নেতাদের দ্বারা সাধারণ মহিলাদের নিগ্রহের অভিযোগের প্রসঙ্গে মিঠুন বলেছেন, "যদি মহিলাদের সঙ্গে এ রকম ব্যবহার হয়, তাহলে এর থেকে ঘৃণ্য কাজ কিছু হতে পারে না। এর থেকে বাজে কাজ আর কিছু নয়। এটা রাজনীতির বাইরের বিষয়। মা-বোনেদের সম্মানের বিষয়।" সন্দেশখালিতে যেতে গত কয়ক দিনে ধারাবাহিক ভাবে বাধা পেয়েছেন বিরোধীরা। তা নিয়ে ধুন্ধুমার পরিস্থিতিরও সাক্ষী রাজ্য-রাজনীতি। বিজেপির কেন্দ্রীয় ফ্যাক্ট ফাইন্ডিং দলেও ঢুকতে পারেনি সেখানে। বিরোধীদের ঢুকতে না দেওয়ার প্রসঙ্গে মিঠুন চক্রবর্তী বলছেন, "বাধা না দিলে তো কোনও রাস্তা নেই। বাধা না দিলে সত্যটা আরও বড় করে বেরিয়ে আসবে। এত বড় করে সত্য বেরবে, তা সামলাতে পারবে না। তাই চাপা দেওয়ার চেষ্টা চলবে।" কিন্তু প্রতিবাদের এই 'আওয়াজ যেন বন্ধ না হয়' সে বার্তাও দিয়েছেন 'মহাগুরু'। শাসক প্রতিবাদকে ধামাচাপা দেওয়ার চেষ্টা করতে পারে। কিন্তু তা যেন না হয়, সেই বার্তাই এই কথার মাধ্যমে বুঝিয়েছেন মিঠুন।

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ০৪৬ সংখ্যা ১৭ ফেব্রুয়ারী, ২০২৪ শনিবার ০৪ ফাল্গুন, ১৪৩০

## নীতীশ দলে ফিরে এলে কী করা হবে, তা নিয়েও স্পষ্টই উত্তর দিয়েছেন লালু

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : এক মাস হল, 'মহাগঠবন্ধন' ছেড়ে এনডিএতে যোগ দিয়েছেন নীতীশ কুমার। নতুন করে শপথ নিয়ে হয়েছেন মুখ্যমন্ত্রী। আবার কি ফিরে আসতে পারেন পুরনো জোটে! রাষ্ট্রীয় জনতা দল (আরজেডি) এখনও সম্ভবত আশা ছাড়েনি। আর তা স্পষ্ট হয়েছে দলের প্রধান লালুপ্রসাদ যাদবের কথায়। নীতীশ দলে ফিরে এলে কী করা হবে, তা নিয়েও স্পষ্টই উত্তর দিয়েছেন লালু।শুক্রবার যদিও তেজস্বী নতুন করে নীতীশকে আক্রমণ করেছেন। শুক্রবার তিনি বিহারে রাহুলের 'ভারত জোড়ো' যাত্রায় যোগ দেন। নীতীশের প্রসঙ্গ উঠলে আরজেডি বিধায়ক বলেন, "আপনারা সকলেই জানেন, আমাদের মুখ্যমন্ত্রী কেমন? তিনি কারও কথা শুনতে চান না। তিনি বলতেন, 'মরে গেলেও বিজেপিতে যাব না'। ২০২৪ সালের লোকসভায় বিজেপিকে হারানোর জন্য আমরা নীতীশজির সঙ্গে থাকার সিদ্ধান্ত নিয়েছিলাম। তার জন্য যত আত্মত্যাগই করতে হোক না কেন, তবু সিদ্ধান্ত নিয়েছিলাম। আমরা ক্লান্ত এক মুখ্যমন্ত্রীকে নিয়োগ করেছিলাম।"

রাহুল কি প্রধানমন্ত্রী হতে পারবেন? লালুকে এই নিয়ে সাংবাদিকেরা প্রশ্ন করলে তিনি বলেন, "কোনও খামতি আছে নাকি! কোনও খামতি নেই।" তিনি এ-ও দাবি করেছেন, আসন্ন লোকসভা নির্বাচনে মোদীকে তাঁরা হারাবেনই।

জানিয়ে দিয়েছেন, দরজা 'খোলা থাকবে'। যদিও বাবার মতো এত নরম সুর শোনা যায়নি তেজস্বী যাদবের গলায়।অতীতে দু'বার বিজেপির হাত ছেড়ে 'মহাগঠবন্ধন'-এ যোগ দিয়ে সরকার গঠন করেছেন নীতীশ। তার পর আবার জোট ছেড়ে এনডিএতে যোগ দিয়েছেন। ২০১৭ সালে আরজেডি-কংগ্রেস জোট ত্যাগ করে বিজেপির সঙ্গে সরকার গঠন করেছিল নীতীশ নেতৃত্বাধীন জেডিইউ। এর পর ২০২২ সালের অগস্টে আবার বিজেপি-বিরোধী জোটে ফেরেন তিনি। তার পর জানুয়ারিতে ফের জোটবদল। আবার নীতীশ 'মহাগঠবন্ধন'-এ ফিরে এলে কী হবে? এই প্রশ্নের জবাবে লালু বলেন, "আবার এলে দেখব। দরজা খোলাই থাকে।" এক দিন আগেই বিহার বিধানসভায় মুখোমুখি হয়েছিলেন লালু এবং নীতীশ। জেডিইউ নেতা 'মহাগঠবন্ধন' ছাড়ার পর এই প্রথম। খুব স্বল্প সময়ের জন্য দু'জন মুখোমুখি হলেও সেই ভিডিয়ো সমাজমাধ্যমে ছড়িয়ে পড়েছে। দু'জনের মধ্যে ঠিক কী কথা হয়েছে, জানতে আগ্রহ ছিল তুঙ্গে। লালুর সঙ্গে ছিলেন বিহারের প্রাক্তন উপমুখ্যমন্ত্রী তেজস্বী।


## সম্পাদকীয়

## অর্ডিন্যান্স এনে ইলেক্টোরাল বন্ড ফের 'বৈধ' করতে পারে কেন্দ্র

প্রথমে দিল্লির আমলা নিয়ন্ত্রণ বিল, তার পর নির্বাচন কমিশনার নিয়োগ আইন। গত ছমাসে দুবার সুপ্রিম কোর্টের রায় অর্ডিন্যান্স এনে অকেজো করে দিয়েছে মোদি সরকার। শুধু মোদি সরকার কেন, অতীতে বহু সরকার সুপ্রিম কোর্টের বহু রায় অর্ডিন্যান্স এনে হয় বাতিল করেছে, নয় অকেজো করেছে। যদিও দু'জনেরই মত লোকসভার আগে কেন্দ্র অর্ডিন্যান্স এনে সুপ্রিম রায় বদলাতে চাইবে না। কারণ, ভোটের আগে সেটা করলে কেন্দ্রের ভাবমূর্তি ধাক্কা খেতে পারে।কংগ্রেস আমলে যার সবচেয়ে বড় উদাহরণ শাহ বানো মামলা। ইলেক্টোরাল বন্ডের ক্ষেত্রেও কি সেই কাণ্ডের পুনরাবৃত্তি হতে চলেছে? সম্ভাবনা উড়িয়ে দিচ্ছে না রাজনৈতিক মহল।

বৃহস্পতিবার সুপ্রিম কোর্টের সাংবিধানিক বেঞ্চ ইলেক্টোরাল বন্ডকে অসাংবিধানিক বলে ঘোষণা করেছে। সেই সঙ্গে জানিয়ে দিয়েছে, কোন রাজনৈতিক দল গত পাঁচ বছরে কোন শিল্প সংস্থার থেকে কত টাকা চাঁদা পেয়েছে, তা মার্চ মাসেই প্রকাশ্যে আনবে নির্বাচন কমিশন। আর সেটা হলে বিজেপির ভাবমূর্তি ধাক্কা খেতে পারে। সেই সঙ্গে কোন কোন ব্যবসায়ী তাঁদের বিপুল অনুদান দিয়েছে সেটা প্রকাশ্যে আসাটা ওই ব্যবসায়ীদের জন্যও সুখকর হবে না। সূত্রের খবর, বিজেপির অন্দরে অনেক নেতাই চাইছেন সুপ্রিম রায়কে অকেজো করতে অধ্যাদেশ আনা হোক।কিন্তু প্রশ্ন হল, বিজেপি চাইলেই কি অধ্যাদেশ এনে সুপ্রিম রায় বাতিল করা সম্ভব। বর্ষীয়ান আইনজীবী তথা রাজ্যসভার সাংসদ কপিল সিব্বাল বলছেন, "অর্ডিন্যান্স এনে সুপ্রিম কোর্টের রায় বদলে দেওয়া সম্ভব নয়। মার্চের মধ্যে সব ইলেক্টোরাল বন্ডের তথ্য প্রকাশ্যে আসবে। তবে কেন্দ্র চাইলে এই বন্ড পদ্ধতির বদলে অন্য কোনও অনুদানের পদ্ধতি চালু করতে পারে।" প্রাক্তন অ্যাডিশনাল সলিসিটর জেনারেল বিকাশ সিংও একই কথা বলছেন। তাঁর বক্তব্য, কেন্দ্র চাইলেও অর্ডিন্যান্স এনে বর্তমানে যে ইলেক্টোরাল বন্ড চালু আছে, সেটা ফেরাতে পারবে না।

## পৃথিবীর সৃষ্টির মূলে দেবাদিদেব মহাদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি লিখেছেন, 'শিবের গাজনের প্রকৃত ব্যাপার হর-কালীর বিবাহ। সন্ন্যাসীরা বরযাত্রী। তাহাদের গর্জন হেতু গাজন শব্দ আসিয়াছে। ধর্মের গাজনে মুক্তির সহিত ধর্মের বিবাহ হয়। দুই বিবাহ-ই প্রচ্ছন্ন।' তবে বিজ্ঞানের মতবাদ অনুযায়ী কোনো বস্তু কিছু না থেকে সৃষ্টি হয়ে কিছু না তে শেষ হয়েছে। ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সরস্বতী দেবী এক নামে দুটি অর্থ বহন করে চলেছে আজও



মৃত্যুঞ্জয় সরদার

(শেষ পর্ব)



বিদ্যাদেবীর পূজা, প্রতিটি গ্রামে, প্রতিটি মহল্লায়, প্রতিটি শহরের আনাচে-কানাচেই হয়ে থাকে। কারণ, সরস্বতী দেবী বা বিদ্যাদেবী হলেন, জ্ঞানদায়িনী দেবী সরস্বতী। তিনি বিদ্যা জ্ঞান দানকারী দেবী। তিনি মর্তলোকে সকলকে বিদ্যা আর জ্ঞান দান করেন। তাই মানুষ বিদ্বান আর জ্ঞান লাভের আশায় সরস্বতী দেবী বা বিদ্যাদেবীর পূজা করে থাকেন। মানুষ কালেকালে, যুগেযুগেই জ্ঞান পিপাসু। মানুষ জ্ঞানের সন্ধানে সর্বদাই ব্যস্ত থাকে। জ্ঞানলাভের জন্য মানুষ পৃথিবীর একপ্রান্ত থেকে, এরেক প্রান্তে ঘুরে বেড়ায়। তারজন্য হওয়া চাই শ্রদ্ধাবান, নিষ্ঠাবান ও সৎ চরিত্রের অধিকারী।সেই কারনে শ্রীমৎ ভাগবত বর্ণিত আছে, 'শ্রদ্ধাবান লভতে জ্ঞানং তৎপরঃ সংযতেন্দ্রিয়'। (শ্রীমদ্ভগবদ্গীতা-৪/৩৯)। অর্থাৎ শ্রদ্ধাবান ব্যক্তিই জ্ঞান লাভ করে থাকেন। শ্রদ্ধা ছাড়া ভক্তি, জ্ঞান, শিক্ষা সবই মিছে।যার জ্ঞান নেই, তার ভক্তি-শ্রদ্ধাও নেই। তাই শ্রদ্ধাবোধ গড়ে তোলার জন্য পারিবারিক শিক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রতিটি মানুষের জন্মের পর থেকেই শুরু হয় শিক্ষা-দীক্ষার কলাকৌশল। সেজন্য ছোটবেলা থেকেই পিতামাতা সহ বড় ভাইবোনরা ছোটদের ধর্মীয় আচার-আচরণের শিক্ষা দিয়ে থাকে। আর এই কলাকৌশলগুলো পরিবারের বড়দের কাছ থেকেই প্রতিটি শিশু শিখে থাকে। তা সে যেই ধর্মের অনুসারীই হোক। তাই প্রতিদিন সকালবেলা দেখা যায়, ছোটছোট ছেলে-মেয়েরা ধর্মীয় বই নিয়ে চলে যায় মক্তবে। কেউ যায় মন্দিরে। কেউ যায় গির্জায়। কেউ আবার চলে যায় বৌদ্ধ মন্দিরে। এই চলা শুধু ধর্মীয় শিক্ষা অর্জনের জন্যই ছুটে চলা।সেই কারনে আমি বর্ননা চাই,দেবী শুক্লবর্ণা। শুক্লবর্ণ মানে সাদা রং। সত্ত্বগুণের প্রতীকও হলো সাদা। পবিত্র গীতার চতুর্দশ অধ্যায়ের ৬নং শ্লোকে আছে, ওতত্র সত্ত্বং নির্মলত্বাঙ্ক অর্থাৎ সত্ত্ব, রজঃ ও তমোগুণের মধ্যে সত্ত্বগুণ অতি পবিত্র গুণ, স্বচ্ছতার প্রতীক, নির্মলতার প্রতীক। আবার ওই অধ্যায়েরই ১৭নং শ্লোকে আছে, ওসত্ত্বাৎ সংজায়তে জ্ঞানঙ্ক অর্থাৎ সত্ত্বগুণে জ্ঞান লাভ হয়। তাই জ্ঞানময়ী সর্বশুক্লা দেবী শ্রী শ্রী সরস্বতী জ্ঞানে গুণান্বিত বলে তার গায়ের রং শুক্লবর্ণা অর্থাৎ দোষহীনা ও পবিত্রতার মূর্তি। তাই পূজার জন্য দেবী সরস্বতীর মূর্তি শ্বেত বস্ত্র পরিধান করে থাকে। যা পবিত্রতারই নিদর্শন।আর জ্ঞানদান করেন বলে তিনি জ্ঞানদায়িনী। 'নহি জ্ঞানেন সদৃশং পবিত্রমিহ বিদ্যতে' (শ্রীমদ্ভগবদ্গীতা-৪/৩৯) অর্থাৎ 'জ্ঞানের মতো পবিত্র আর কিছু নেই'। আমরাও যেন সে গুণের অধিকারী হতে পারি এ আমাদের প্রার্থনা।

হংসঃ জ্ঞানের অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর বাহন শ্বেতহংস। হাঁস অসারকে ফেলে সার গ্রহণ করে। দুধ ও জল মিশ্রণ করে দিলে হাঁস জল ফেলে শুধু দুধটুকু গ্রহণ করে নেয়। কিংবা কাঁদায় মিশ্রিত স্থান থেকেও তার খাদ্য খুঁজে নিতে পারে। মায়ের সঙ্গে পূজিত হয়ে আমাদের শিক্ষা দিচ্ছে- সবাই যেন সবার অসার বা ভেজাল/অকল্যাণকর পরিহার করে সার বা ভালো কিছু অর্থাৎ নিত্য পরমাত্মাকে গ্রহণ করেন এবং পারমার্থিক জ্ঞান অর্জন করে সুন্দর পথে চলতে পারি।সেই কারনে কী?সরস্বতী দেবীর এক হাতে বীণা। জীবন ছন্দময়। বীণার ঝংকারে উঠে আসে ধ্বনি বা নাদ। বিদ্যাদেবী সরস্বতীর ভক্তরা সাধনার দ্বারা সিদ্ধি লাভ করলে বীণার ধ্বনি শুনতে পান। বীণার সুর মধুর। পূজার্থী বা বিদ্যার্থী বা শিক্ষার্থীর মুখ নিঃসৃত বাক্যও যেন মধুর হয় এবং জীবনও মধুর সংগীতময় হয় এ কারণেই মায়ের হাতে বীণা। হাতে বীণা ধারণ করেছেন বলেই, তার অপর নাম বীণাপাণি। এ সব নিয়ে গবেষণা করার মতন জ্ঞান বা ধৈর্য আর ছিল না ।তাই আমার কলমে সরস্বতী দেবীর বর্ণনা টা তুলে ধরছি।

সরস্বতী দেবীর একের হাতে পুস্তক। বিদ্যার্থীর লক্ষ্য জ্ঞান অর্জন। আর সে জ্ঞান ও বিদ্যা অর্জনের জন্য জ্ঞানের ভাণ্ডার 'বেদ' তার হাতে রয়েছে। 'বেদই বিদ্যা'। তিনি আমাদের আশীর্বাদ করছেন- 'জীবনকে শুভ্র ও পবিত্র রাখ। সত্যকে আঁকড়ে রাখ। মূল গ্রন্থের বাণী পালন কর। জীবন ছন্দময় কর। স্বচ্ছন্দে থাক।' তাই সরস্বতী দেবী এক নামে দুটি অর্থ বহন করে চলেছে আজও!সরস্বতী শব্দের দুই অর্থ - একটি ত্রিলোক্য ব্যাপিনী সূর্যাগ্নি, অন্যটি নদী। সরস্ + বতী = সরস্বতী, অর্থ জ্যোতির্ময়ী। আবার সৃ ধাতু নিস্পন্ন করে সর শব্দের অর্থ জল। অর্থাৎ যাতে জল আছে তাই সরস্বতী। ঋগ্বেদে আছে 'অম্বিতমে নদীতমে দেবীতমে সরস্বতী', সম্ভবত সরস্বতী নদীর তীরেই বৈদিক এবং ব্রাহ্মণ্য সংস্কৃতির উদ্ভব।শুধু বৈদিক যুগেই নয়, পরবর্তীকালে মহাভারত, পুরাণ, কাব্যে পূতসলিলা সরস্বতীর মহিমা বর্ণিত হয়েছে। সরস্বতী নদীর উৎপত্তিস্থল ছিল হিমালয়ের সিমুর পর্বতে, সেখান থেকে পাঞ্জাবের আম্বালা জেলার আদবদ্রী নামক স্থানে সমভূমিতে অবতরণ করেছিল। যে প্রসবণ থেকে এই নদীর উৎপত্তি তা ছিল প্লক্ষাবৃক্ষের নিকটে, তাই একে বলা হতো প্লক্ষাবতরণ। ঋগ্বেদের যুগে গঙ্গা যমুনা ছিল অপ্রধান নদী, সরস্বতী নদীই ছিল সর্বপ্রধান ও সর্বাপেক্ষা প্রয়োজনীয়। এর তীরে ছিল প্রসিদ্ধ তীর্থভূমি। সরস্বতী ও দৃষদ্বতীর মধ্যস্থান দেবনির্মিত স্থান হিসেবে বিবেচ্য হত। ব্রাহ্মণ ও মহাভারতে উল্লেখিত সারস্বত যজ্ঞ এই নদীর তীরে অনুষ্ঠিত হত। মহাভারত রচনা হওয়ার আগেই রাজপুতানার মরুভূমিতে সরস্বতী নদী অদৃশ্য হয়ে গেলেও কয়েকটি স্রোতধারা অবশিষ্ট ছিল। এই স্রোতধারা হল চমসোদ্ভেদ, শিবোদ্ভেদ ও নাগোদ্ভেদ।



রাজস্থানের মরুভূমির বালির মধ্যে চলুর গ্রামের নিকটে সরস্বতী অদৃশ্য হয়ে ভবানীপুরে দৃশ্য হয়, আবার বলিচ্ছপুর নামকস্থানে অদৃশ্য হয়ে বরখের নামক স্থানে দৃশ্য হয়। তান্ডমহাব্রাহ্মণে সরস্বতী নদীর উৎপত্তিস্থল হিসাবে প্লক্ষপ্রস্রবণ ও বিনাশস্থল হিসেবে বিনশনের নামোল্লেখ আছে। লাট্যায়ণের শ্রৌতসূত্র মতে, সরস্বতী নামক নদী পশ্চিম মুখে প্রবাহিতা, তার প্রথম ও শেষভাগ সকলের প্রত্যক্ষ গোচর, মধ্যভাগ ভূমিতে নিমগ্ন যা কেউ দেখতে পায় না, তাকেই বিনশন বলা হয়। অমূল্যচরণ বিদ্যাভূষণের মতে, বৈদিক সরস্বতীর লুপ্তাবশেষ আজও কচ্ছ ও দ্বারকার কাছে সমুদ্রের খাড়িতে গিয়ে মিলিত হয়েছে। সরস্বতী নদীর বিনাশ ঘটেছিল অবশ্যই বৈদিক যুগের শেষভাগে, একমতে খ্রিস্টের দেড় হাজার বছরেরও আগে। মহাভারতে আছে যে নিষাদদের চোখের আড়ালে থাকার জন্য বিনাশণ নামক স্থানে মরুভূমিতে অদৃশ্য হয়েছে। নদীর স্থানীয় নামই এই ঐতিহ্য বহন করছে। আবার অনেকে বলেন, সিন্ধুনদই সরস্বতী। সরস্বতী ও সিন্ধু দুটি শব্দের অর্থই নদী।

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# সিনেমার খবর

# সমস্যাটা হল বেশি খেয়ে ফেলেছিলাম, অসুস্থতা নিয়ে বললেন মিঠুন চক্রবর্তী




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রয়োজনের অতিরিক্ত খেয়ে ফেলেছিলেন, আর তাতেই হাসপাতালে ভর্তি হতে হয়েছিল ভারতের জনপ্রিয় অভিনেতা ও বিজেপির কেন্দ্রীয় নেতা মিঠুন চক্রবর্তীকে। সোমবার হাসপাতাল থেকে বেরিয়ে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে নিজের মুখেই জানালেন সে কথা। বললেন 'আমার সমস্যাটা হল বেশি খেয়ে ফেলেছিলাম। আমি রাক্ষস।'

অভিনেতা সোহম চক্রবর্তীর প্রযোজনায় 'শাস্ত্রী' ছবির শুটিং করতে গিয়ে শনিবার সকালে শুটিং-এর সেটেই হঠাৎ করে অসুস্থ হয়ে পড়েন মিঠুন। এর পরেই তাকে ভর্তি করা হয় কলকাতার একটি বেসরকারি হাসপাতালে। এরপর নানা রকম পরীক্ষা-নিরীক্ষার পর সোমবার তাকে ছেড়ে দেওয়া হয়। হাসপাতালে বাইরে অপেক্ষমান গণমাধ্যমের কর্মীদের সামনে তিনি বলেন, 'রবিবারও খারাপ ছিলাম, আজকে (সোমবার) ভালো আছি। সোজা বাংলা ভাষায় যেটা বুঝেছি কোন সমস্যা নেই, সমস্যা খাওয়াতে। আমি গোগ্রাসে খাই। যেগুলো মুম্বাই, বেঙ্গালুরুতে পাইনা, সেগুলো এখানে পাই- খেয়ে ফেলি।' গণমাধ্যমের কর্মীদের মাধ্যমে ডায়াবেটিস রোগীদের সুস্থ থাকতে মেপে খাওয়ার পরামর্শও দিলেন মিঠুন। তার অভিমত 'যাদের ডায়াবেটিস আছে তারা ভাববেন না মিষ্টি না খেলে আপনার কিছু হবে না। আসলে সব সমস্যা ওই খাওয়াতেই। খাওয়া কন্ট্রোল করুন। ভয় পাবেন না, ডায়াবেটিসের ক্ষেত্রে ইনসুলিন সবচেয়ে নিরাপদ ঔষধ। তাতে শরীর ভালো থাকবে। কোন পার্শ্বপ্রতিক্রিয়া নেই।'

হাসপাতালে থাকাকালীন সময়ে মিঠুনকে ফোন করেছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তা নিয়ে এই অভিনেতা জানান 'প্রধানমন্ত্রী ফোন করে আমাকে একটু বকেছেন, একটু বকা খেলাম।' সামনেই ভারতে লোকসভা নির্বাচন। সেই নির্বাচনে প্রার্থী হবেন কি না সেই প্রশ্নের উত্তরে মিঠুন। তিনি বলেন 'একদমই নয়। আমি যদি প্রার্থী হই, তাহলে আমার ৪২ টি কেন্দ্র কে দেখবে? তবে আমাকে প্রচারের ময়দানে পাওয়া যাবে। ১ তারিখ থেকে লাগাতার লোকসভার প্রচার করব। আমাদের রাজ্যের বাইরে অন্য রাজ্যেও প্রচারণা থাকলে যাব।'

আসন্ন নির্বাচনে ঘাটাল লোকসভা কেন্দ্র থেকে তৃণমূলের টিকিটের বর্তমান সাংসদ দীপক অধিকারী (দেব) ফের প্রার্থী হবেন কিনা এমন এক জল্পনা রাজ্য রাজনীতিতে ছড়িয়েছে। তা নিয়ে মিঠুন বলেন, 'দেব খুব ভালো ছেলে, বুদ্ধিমান ছেলে, জেনুইন ছেলে। তবে তাকে নিয়ে কোন রাজনৈতিক মন্তব্য করতে চাই না।' উল্লেখ্য, আপাতত কয়েকদিন বিশ্রামে থাকবেন মিঠুন এরপর ১৯ ফেব্রুয়ারি থেকে ফের শুটিংয়ে দেখা যাবে তাকে।

## জন্মদিনে শুভশ্রীর উপহার পেয়ে যে বার্তা দিলেন মিমি





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ১১ ফেব্রুয়ারি ছিল বাংলার জনপ্রিয় অভিনেত্রী মিমি চক্রবর্তীর জন্মদিন। কেক, শুভেচ্ছা, উপহার আর ফুলে জন্মদিনের উদ্‌যাপন ভালোই করেছেন অভিনেত্রী। ইন্ডাস্ট্রির অনেকেই মিমিকে জন্মদিনের শুভেচছা জানিয়েছেন সমাজমাধ্যমের পাতায়। তবে শুধু শুভেচ্ছা নয়, শুভশ্রীর পক্ষ থেকে মিমির জন্য এল জন্মদিনের উপহারও।


মিমি নিজেই উপহারের সেই ছবি ভাগ করে নিয়েছেন ইনস্টা স্টোরিতে। সুন্দর একটি ফুলের তোড়া মিমিকে উপহার দিয়েছেন শুভশ্রী। তবে উপহারের গায়ে অবশ্য লেখা ইউভান এবং ইয়ালিনীর নাম। দুই সন্তানের পক্ষ থেকেই এই উপহার, সেটাই বোধ হয় বোঝাতে চাইলেন শুভশ্রী এবং রাজ। উপহার যার পক্ষ থেকেই আসুক, মিমি ফুলের ছবি পোস্ট করে লিখেছেন, ‌ধন্যবাদ। পুচকুগুলোকে অনেক আদর‌ এই পোস্টে অবশ্য শুভশ্রীকে ট্যাগও করেছেন মিমি।

মিমির সঙ্গে রাজ চক্রবর্তীর প্রেমের সম্পর্কের কথা অজানা নয়।‌বোঝে না সে বোঝে ন‌ ছবির শুটিংয়ের সময় থেকেই রাজের ঘনিষ্ঠতা বাড়ে মিমির সঙ্গে। তবে সেই সম্পর্কও টেকেনি। সম্পর্ক ভাঙার নেপথ্যের কারণ অবশ্য আজও স্পষ্ট নয়। শুভশ্রী আর দুই সন্তানকে নিয়ে রাজের এখন ভরা সংসার। মিমিও নিজের শর্তে জীবন কাটাচ্ছেন। অভিনয়, গান, সাংসদের দায়িত্ব, পোষ্যদের দেখাশোনা- বেজায় ব্যস্ত অভিনেত্রী। তবে এত কাজের মাঝেও জীবনের নতুন অধ্যায় শুরু করার কথা ভাবছেন কি না, তার কোনও ইঙ্গিত অবশ্য এখনও তিনি দেননি।

## ভুল খানকে বিয়ে করেছ; কারিনাকে কেন বলেছিলেন সালমান?




**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ব্যবসায়িক সাফল্যের নিরিখে হিন্দি সিনেমার ইতিহাসে নজির গড়ে কারিনা কাপুর ও সালমান খান জুটির 'বজরঙ্গী ভাইজান'। ২০১৫ মুক্তির পর প্রায় ৩০০ কোটি টাকার ব্যবসা করে ছবিটি। এর আগে সালমানের 'দাবাং ২' ছবিতে একটি আইটেম ডান্স করেছিলেন কারিনা। শুধু তাই নয়, সালমান-কারিনা জুটির 'বডিগার্ড' ছবিটিও বক্স অফিসে হিট হয়েছিল।



ক্যারিয়ারের চূড়ান্ত সময়ে হঠাৎ ২০১২ সালে সাইফ আলি খানকে বিয়ে করেন বলিউডের বেবো। কারিনা সাইফকে বিয়ে করাতেই কি রুষ্ট হন সালমান? সাইফের সঙ্গে বিয়ের পরই সালমান কারিনাকে বলেছিলেন, 'ভুল খানকে বিয়ে করে ফেলেছ।'

পর্দায় সালমান-কারিনা জুটি হিট। ব্যক্তিগত জীবনেও সালমানের সঙ্গে হৃদ্যতাপূর্ণ সম্পর্ক রয়েছে কারিনার। শুধু সালমান নন, আমির খান ও শাহরুখ খানের সঙ্গেও একাধিক হিট ছবি করেছেন কারিনা। বিয়ের বছরেই সাইফের সঙ্গে জুটি বেঁধে 'এজেন্ট বিনোদ' ছবিতে কাজ করেন কারিনা। বাকি তিন খানের সঙ্গে তার ছবি হিট হলেও সাইফের সঙ্গে তার ছবি একেবারেই ফ্লপ করে।

সাইফকে বিয়ের পরের বছর ২০১৩ সালে 'বিগ বস ৬'-এ সালমানের রিয়ালিটি শোয়ে 'দাবাং ২' ছবির 'ফেভিকল সে' গানটির প্রচারে এসে সালমানের প্রশ্নের সম্মুখীন হতে হয় কারিনাকে। সালমান অভিনেত্রীকে বলেন, তিনি এ মঞ্চ থেকে সাইফকে কিছু বলতে চান কি না? হেসে কারিনা বলেন, 'হাই সইফ।' করিনার স্বল্প উত্তর শুনে হতাশ হয়ে সালমান বলেন, 'তুমি ভুল খানকে বিয়ে করেছ।' রসিকতা করা সালমানের স্বভাব। মজা করেই কারিনাকে এ কথা বলেছিলেন অভিনেতা।

## সতীশ কৌশিকের শেষ সিনেমার ট্রেলার প্রকাশ্যে




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রয়াত অভিনেতা সতীশ কৌশিকের শেষ সিনেমা 'কাগজ-২'র ট্রেলার প্রকাশিত হয়েছে। এ সিনেমার হাত ধরে অভিনেতার ঝলমলে সিনেম্যাটিক যাত্রার পরিসমাপ্তি ঘটবে।

'কাগজ-২' সিনেমার ট্রেলার প্রকাশের সঙ্গে সঙ্গেই তার ভক্তরা এটিকে লুফে নেন। পাশাপাশি সোশ্যাল মিডিয়ায় সবাই ট্রেলারের ভূয়সী প্রশংসা করছেন।

রাজনৈতিক এক প্রথার ব্যাপারে সতীশ কৌশিক অভিনীত এ সিনেমা খুব সাধারণ একটি প্রশ্ন ছুঁড়বে, আওয়াজ তুলবে বলে সবাই মনে করছেন। সিনেমায় বিভিন্ন গুরুত্বপূর্ণ চরিত্রে অনুপম খের, দর্শন কুমার, নীনা গুপ্তা প্রমুখকে অভিনয় করতে দেখা যাবে।

২০২১ সালে মুক্তি পাওয়া 'কাগজ' সিনেমার সাফল্যের পর এর সিক্যুয়েল হিসেবে এটি নির্মিত হয়েছে। প্রথম সিনেমায় অভিনয় করেছিলেন পঙ্কজ ত্রিপাঠী। আসছে ১ মার্চ প্রেক্ষাগৃহে সিনেমাটির মুক্তি পাচ্ছে বলে জানা গেছে।

ভি কে প্রকাশ নির্মিত, সতীশ কৌশিক, রতন জৈন, গণেশ জৈন প্রযোজিত 'কাগজ-২' সতীশ কৌশিক এন্টারটেনমেন্ট এলএলপি ও ভেনাস ওয়ার্ল্ডওয়াইড এন্টারটেনমেন্ট প্রাইভেট লিমিটেডের যৌথ প্রযোজনা।

সিনেমার ট্রেলারে এক অসাধারণ গল্পের আবহ ফুটে উঠেছে। এতে দেখা গেছে, সতীশ কৌশিক তার মেয়ের মর্মান্তিক দুর্ঘটনায় মৃত্যুর পর ন্যায়বিচার চান। রাজনৈতিক সভা, রাজনৈতিক র‍্যালি, পথ অবরোধ, প্রতিবাদ মিছিল বা প্রতিবাদ সভার মতো বিভিন্ন প্রথার বিরুদ্ধে আওয়াজ তোলেন তিনি।

ট্রেলারেই স্পষ্ট, এ পথসভার কারণেই হাসপাতালে পৌঁছতে দেরি হয় এবং মেয়েকে হারান সতীশ। অনঙ্গ দেসাইকে দেখা যাবে রাজনৈতিক ব্যক্তিত্বের চরিত্রে। অনুপম খেরকে দেখা যাবে সতীশ কৌশিকের আইনজীবী হিসেবে। তার ছেলের চরিত্রে দর্শন, যিনি সতীশের লড়াইয়ে হাত মেলাবেন।

এ সিনেমার ব্যাপারে ভেনাস ওয়ার্ল্ডওয়াইড এন্টারটেনমেন্ট প্রাইভেট লিমিটেডের রতন জৈন বলেন, 'সতীশ জির সঙ্গে আমার সম্পর্ক অনেক দিনের। তিনি আমার প্রতিষ্ঠানের একটি সিনেমা পরিচালনা করেছিলেন এবং একসঙ্গে আমরা একাধিক সিনেমা প্রযোজনা করেছি। 'কাগজ-২' আমার হৃদয়ে বিশেষ স্থান অধিকার করে রেখেছে। এটা আমার প্রিয় বন্ধুর প্রতি আমার শ্রদ্ধা।'

## দেব কি রাজনীতি ছেড়ে দিচ্ছেন?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** 'এবারে হয়তো আমি নির্বাচনে নাও দাঁড়াতে পারি। সংসদ সদস্য হিসেবে আমি থাকি বা না থাকি, ঘাটালের মানুষের দুঃখটা কোথাও যেন মিটে যায়। ঘাটালের মানুষ যেন ভালো থাকে'- বৃহস্পতিবার নিজের রাজনৈতিক ভবিষ্যৎ প্রসঙ্গে কলকাতায় এমনটাই জানিয়েছেন পশ্চিমবঙ্গের ক্ষমতাসীন দল তৃণমূল কংগ্রেসের সাংসদ-অভিনেতা দীপক অধিকারী দেব।

বৃহস্পতিবার সংসদের বাজেট অধিবেশনের শেষ দিনে দেব নিজের সংসদীয় এলাকার কথা তুলে ধরেন। ঘাটাল লোকসভা কেন্দ্রের সাংসদ হিসেবে দেব বলেন, আমি প্রথমবার কথা বলেছিলাম সংসদে। আজ সংসদে আমার শেষ দিন। ১৯৫০ সাল থেকে ঘাটাল মাস্টার প্ল্যান নিয়ে ঘাটালের মানুষের অনেক দিনের কষ্ট, অনেক দিনের বেদনা রয়েছে। আমি প্রধানমন্ত্রীকে বলতে চাই এটা তৃণমূল বা বিজেপির সমস্যা নয়, এটা বাংলার সমস্যা। আমার মনে হয় দলকে সরিয়ে রেখে সাধারণ মানুষের কথা ভেবে আগামী দিনে যেন ঘাটাল মাস্টার প্ল্যানটা বাস্তবায়িত হয়।'

গত শনিবার একসাথে ঘাটাল লোকসভা কেন্দ্রের তিনটে সরকারি পদ থেকে ইস্তফা দেন তৃণমূল সাংসদ দেব। এরপর জল্পনা ছড়ায় তবে কি পাকাপাকিভাবে রাজনীতি থেকে বিদায় নিচ্ছেন? এদিন লোকসভায় দেবের 'সংসদে আজ আমার শেষ দিন' এমন মন্তব্য সেই জল্পনাকে আরও উস্কে দেয়। স্বাভাবিকভাবেই অধিবেশন শেষে বৃহস্পতিবার রাতে নয়াদিল্লি থেকে কলকাতায় ফিরলে বিমানবন্দরে সাংবাদিকদের প্রশ্নের মুখে পড়েন দেব। সংসদে শেষ দিন নিয়ে তার নিজের মন্তব্যের পরিপ্রেক্ষিতে দেব জানান, 'এটা আমার শেষ অধিবেশনের দিন ছিল। আমি সত্যিই জানিনা ২০২৪-এ কি হবে। আমি দাঁড়াবো কি দাঁড়াবো না, সেটা নিয়ে একটা প্রশ্ন আছে? ডেফিনেটলি আমার মাথায় কিছু চলছে। এবারে হয়তো আমি নির্বাচনে নাও দাঁড়াতে পারি।'

এরপরেই প্রশ্ন আসে তাহলে কি তিনি রিজাইন করছেন? এমন প্রশ্নের উত্তরে পাল্টা প্রশ্ন ছুঁড়ে দিয়ে দেব বলেন, 'আমি কেন রিজাইন করবো?' আপনারা যে রাজনীতির কথা বলছেন আমি সেই রাজনীতি গত ১০ বছরে করিনি। আমি যে রাজনীতি করি তা হল মানুষের উন্নয়ন, মানুষকে ভালো রাখা। আমার মনে হয় শেষ ১০ বছরে আমি এমন কোন মন্তব্য করেনি যাতে কোন বিবাদ বাধে। আমি মানুষকে বাঁচিয়ে রাখার রাজনীতিতে বিশ্বাস করি। আমি তাই করেছি।

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকেও ধন্যবাদ জানান দেব। মমতার সাথে তার সম্পর্কের কথা বলতে গিয়ে দেব জানান, 'আমার সাথে সবার সম্পর্ক খুব ভাল। দিদির সাথে আমার অদ্ভুত একটা সম্পর্ক রয়েছে। আমি দিদিকে সত্যিই ভালোবাসি, শ্রদ্ধা করি। আমি আমার মনের কথা দিদিকে জানিয়েছি। দিদির সাথে এই নিয়ে আলোচনা হয়েছ আবার হবেও। এখন নির্ভর করছে দিদি কি চাইছে।

প্রসঙ্গত বেশ কিছু কয়েকদিন আগে লোকসভার প্রার্থী হওয়া নিয়ে অনিচ্ছা প্রকাশ করেছিলেন দেব। তিনি বিজেপিতেও যোগদান করতে পারেন এমন জল্পনা ও দানা বাঁধে। যদিও সম্প্রতি পশ্চিম মেদিনীপুর জেলার তৃণমূলের নেতৃত্বদের নিয়ে বৈঠকে দলনেত্রী মমতা ব্যানার্জি দেব'কেই পুনরায় ঘাটাল লোকসভা কেন্দ্রের প্রার্থী হওয়ার জন্য নিশ্চিত করেছিলেন। প্রথমে তিনি প্রার্থী হবে না বলে জানালেও পরে নেত্রীর কথায় তৃণমূল সাংসদ সম্মতি জানিয়েছিলেন বলেও খবর।

# আফগানিস্তানের টি-টোয়েন্টি দল ঘোষণা




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** শনিবার থেকে শ্রীলঙ্কার বিপক্ষে শুরু হবে আফগানিস্তানের টি-টোয়েন্টি সিরিজ। এই সিরিজকে সামনে রেখে সোমবার ১৬ সদস্যের দল ঘোষণা করেছে ক্রিকেট আফগানিস্তান। এখনও ইনজুরি থেকে পুরোপুরি সেরে না ওঠায় দলে নেই রশিদ খান। অন্যদিকে দ্বিতীয় ওয়ানডের আগে ইনজুরিতে পড়া মুজিব উর রহমানও খেলতে পারবেন না টি-টোয়েন্টি সিরিজে। পাশাপাশি মোহাম্মদ সালিম হ্যামস্ট্রিং ইনজুরিতে নেই দলে। তার পরিবর্তে সুযোগ পেয়েছেন ওয়াফদার মোমান্দ। রশিদ খান না থাকায় ওয়ানডের পর যথারীতি টি-টোয়েন্টিতেও শ্রীলঙ্কা দলকে নেতৃত্ব দেবেন ইব্রাহিম জাদরান। দলে দুই উইকেটরক্ষক ব্যাটসম্যান হিসেবে আছেন রহমানুল্লাহ গুরবাজ ও মোহাম্মদ ইশাক রাহিমি।

দল ঘোষণার সময় প্রধান নির্বাচক আহমদ শাহ সুলিমানখিল জানিয়েছেন, ২০২৪ টি-টোয়েনিট বিশ্বকাপকে সামনে রেখে তিনি একটি যথাযথ দল গঠনের চেষ্টা করছেন। যেখানে সিনিয়র ও জুনিয়র খেলোয়াড়দের সেরা কম্বিনেশন থাকবে। শ্রীলঙ্কা সিরিজের পর তারা আয়ারল্যান্ডের বিপক্ষে খেলবে। বিশ্বকাপের আগে সেখানেও পরীক্ষা-নিরীক্ষা করার সুযোগ পাবেন তারা। যেটা বিশ্বকাপের জন্য চূড়ান্ত দল বাছাই করতে দারুণ কাজে দেবে তাদের।

চলতি বছরের জানুয়ারিতে ভারতের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজে দারুণ লড়াই করেছিল আফগানিস্তান। যদিও তারা ৩-০ ব্যবধানে সিরিজ হেরেছিল। কিন্তু তিনটি ম্যাচেই তারা ভারতকে দারুণ চ্যালেঞ্জ ছুড়ে দিয়েছিল। সিরিজের শেষ ম্যাচটিতে দুই দফা সুপার ওভারে নিয়েছিল তারা। এখন দেখার বিষয় শ্রীলঙ্কার বিপক্ষেও তেমন চ্যালেঞ্জ ছুড়ে দিতে পারে কিনা তারা।

ডাম্বুলায় তিন ম্যাচ টি-টোয়েন্টি সিরিজ শুরু হবে ১৭ ফেব্রুয়ারি। এরপর ১৯ ও ২১ ফেব্রুয়ারি হবে বাকি দুই ম্যাচ।

শ্রীলঙ্কার বিপক্ষে আফগানিস্তানের টি-টোয়েন্টি দল ইব্রাহিম জাদরান (অধিনায়ক), রহমানুল্লাহ গুরবাজ (উইকেটরক্ষক), মোহাম্মদ ইসহাক রাহিমি (উইকেটরক্ষক), হজরতুল্লাহ জাজাই, গুলবাদিন নায়েব, মোহাম্মদ নবী, নাজিবুল্লাহ জাদরান, আজমাতুল্লাহ ওমরজাই, করিম জানাত, শরফুদ্দিন আশরাফ, ফজল হক ফারুকী, ফরিদ আহমেদ, নাভিন উল হক, নূর আহমদ, ওয়াফাদার মোমান্দ ও কায়েস আহমদ।

## মেসির জন্য অলিম্পিকের দরজা খোলা,

# বললেন মাসচেরানো



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** অলিম্পিকের টিকিট পেতে চিরপ্রতিদ্বন্দ্বী ব্রাজিলের বিপক্ষে জিততেই হতো আর্জেন্টিনাকে। অন্যদিকে ব্রাজিলের জন্য সমীকরণটা কিছুটা সহজ ছিল। ড্র হলেই চলত সেলেসাওদের। অলিম্পিক বাছাইয়ের কার্যত নকআউটে রূপ নেওয়া ম্যাচটিতে শেষ পর্যন্ত জয় হয়েছে আর্জেন্টিনারই। বাঁচা-মরার লড়াইয়ে ১-০ গোলের জয় পেয়েছে আলবিসেলেস্তেদের যুবারা। এতে ২০২৪ প্যারিস অলিম্পিকের মূলপর্বে জায়গা করে নিয়েছে আর্জেন্টিনা।

আকাশী-সাদাদের অলিম্পিক নিশ্চিত হওয়ার পর পুরনো একটি প্রশ্ন আবারও উঠছে, আর্জেন্টিনার প্রাণভোমরা লিওনেল মেসি কি খেলবেন প্যারিসে?

ব্রাজিলের বিপক্ষে জয়ের পর সংবাদ সম্মেলনে আসেন মাসচেরানো। এ সময় মেসির অলিম্পিকে খেলা প্রসঙ্গে তিনি বলেন, 'মেসির সঙ্গে আমার বন্ধুত্ব কেমন তা ইতোমধ্যে সবাই জানে। তার মতো খেলোয়াড়ের জন্য আমাদের সঙ্গী হওয়ার দরজা খোলা রয়েছে। অবশ্যই এটা তার ওপর এবং তার প্রতিশ্রুতির ওপর নির্ভর করে।'

দলের এমন অর্জনের পর অভিনন্দন জানিয়েছেন মেসি এই তথ্য নিশ্চিত করেছেন যুব দলের কোচ। তিনি বলেন, 'মেসি আমাদের অভিনন্দন জানিয়েছে এবং খুবই খুশি হয়েছে। আমরা সবাই জানি সে (মেসি) জাতীয় দলের বড় ভক্ত এবং যুব দলগুলোর দিকেও তার চোখ থাকে। অলিম্পিক গেমসে আমাদের সঙ্গে যোগ দিলে আনন্দিতই হব। এটা নিয়ে কথা বলার সময় হবে। তবে অলিম্পিকে ওঠায় সে আমাদের অভিনন্দন জানিয়েছে, এর চেয়ে বেশি কিছু বলেনি।'

অলিম্পিকের নিয়ম হলো, ২৩ বয়সীদের নিয়ে অলিম্পিক দল হলেও তিনজন বেশি বয়সী খেলোয়াড় খেলাতে পারবে দলগুলো। গত অলিম্পিকে দানি আলভেজের নেতৃত্বে ব্রাজিল অলিম্পিক স্বর্ণ জিতেছিল। সে হিসেবেই মেসিকে খেলানোর আগ্রহের কথা জানিয়েছেন তার সাবেক সতীর্থ। এছাড়া মেসির সঙ্গে আলোচনায় আছে ডি মারিয়ারও নাম। যদিও ডি মারিয়া ঘোষণা দিয়েছেন, চলতি বছরের কোপা আমেরিকা খেলেই আন্তর্জাতিক ফুটবলকে বিদায় বলবেন তিনি। তবে মাসচেরানো চাইলেই হবে না, অলিম্পিকে খেলার ইচ্ছা থাকতে হবে মেসিরও। এর আগে খবর বেরিয়েছিল, মেসিও অলিম্পিকে খেলতে চাইছেন। কিন্তু অলিম্পিক ও কোপা আমেরিকা হবে পরপর। জুন-জুলাইয়ে কোপা আমেরিকা, আগস্ট-সেপ্টেম্বরে অলিম্পিক। পরপর দুটি বড় টুর্নামেন্টে মেসি খেলতে পারবেন কিনা, সেটাই এখন বড় প্রশ্ন। এই ব্যাপারে মাসচেরানো বলেন, 'আমি মেসি আর ডি মারিয়ার সঙ্গে কথা বলেছি। তারা কী চায়, সেই সিদ্ধান্ত নেওয়ার অধিকার তাদের আছে। কিন্তু আমরা নিশ্চিত করেই তাদের দলে রাখতে চাইব।'

এদিকে অনুজদের এমন জয়ে শুভেচ্ছাবার্তা জানিয়েছেন মেসি। নিজের ইনস্টাগ্রাম স্টোরিতে স্বল্পভাষী মেসি শুধু লিখেছেন 'ভামোস'। যার অর্থ 'এগিয়ে চলো'।

## চ্যাম্পিয়ন্স লিগে

# নকআউটের লড়াই শুরু



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** গত বছরের ডিসেম্বরে হয়েছিল গ্রুপ পর্বের লড়াই। আট গ্রুপের সেরা দুটি দল ওঠে শেষ ষোলোতে। এর পর হয়েছে শেষ ষোলোর ড্র। দুই মাস পর আজ থেকে শুরু উয়েফা চ্যাম্পিয়ন্স লিগের নকআউট পর্বের লড়াই।

প্রথম দিনেই মাঠে নামছে টুর্নামেন্টের বর্তমান চ্যাম্পিয়ন ম্যানচেস্টার সিটি। কোপেনহেগেনে অতিথি হয়ে খেলবে পেপ গার্দিওলার দল। চ্যাম্পিয়ন্স লিগে সবচেয়ে বেশি শিরোপাজয়ী দল রিয়াল মাদ্রিদ খেলবে জার্মান ক্লাব লাইপজিগের মাঠে। দুটি ম্যাচই শুরু হবে বাংলাদেশ সময় রাত ২টায়।

প্রথম লেগে ফেভারিট ম্যানসিটিই। পুরো ফিট হওয়া আর্লিং হালান্ড এবং কেভিন ডি ব্রুইনাকে নকআউট পর্বে পাচ্ছে ইংলিশ ক্লাবটি। সব ধরনের প্রতিযোগিতা মিলিয়ে টানা ১০ ম্যাচ জেতা গার্দিওলার দলের লক্ষ্য দ্বিতীয়বারের মতো ট্রেবল জেতা। গত মৌসুমে চ্যাম্পিয়ন্স লিগ, প্রিমিয়ার লিগ এবং এফ এ কাপের শিরোপা জেতা ম্যানসিটি এবারও আছে দারুণ ছন্দে। প্রিমিয়ার লিগে শীর্ষে থাকা লিভারপুলের চেয়ে ২ পয়েন্ট পিছিয়ে বর্তমান চ্যাম্পিয়নরা। এখন অবশ্য চ্যাম্পিয়ন্স লিগে কোপেনহেগেনের বিপক্ষে ম্যাচ নিয়েই ভাবছেন সিটি কোচ গার্দিওলা।

## ইয়ামালের জোড়া গোলে

# হার এড়ালো বার্সেলোনা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** প্রথমার্ধে খুব বেশি সুযোগ তৈরি করতে পারল না কোনো দলই। বিরতির পর আক্রমণ-পাল্টা আক্রমণে লড়াই হলো জমজমাট। গোলও হলো একের পর এক। দারুণভাবে ঘুরে দাঁড়িয়ে দুবার এগিয়ে গেল গ্রানাদা। দুবারই সমতা ফেরাল বার্সেলোনা। শেষ পর্যন্ত আলাদা করা গেল না কাউকেই।

বার্সেলোনার অলিম্পিক স্টেডিয়ামে রবিবার (১১ ফেব্রুয়ারি) রাতে লা লিগার রোমাঞ্চকর ম্যাচটি ৩-৩ গোলে ড্র হয়েছে। লামিন ইয়ামাল শুরুতে বার্সেলোনাকে এগিয়ে নেওয়ার পর প্রথমার্ধেই সমতা টানেন রিকার্দ সানচেস। দ্বিতীয়ার্ধে ফাকুন্দো পেলিস্ত্রি গ্রানাদাকে এগিয়ে নেওয়ার পর সমতা ফেরান রবের্ত লেভানদোভস্কি।

ইগনাসি মিকেলের লক্ষ্যভেদে সফরকারীরা ফের লিড নেওয়ার পর নিজের দ্বিতীয় গোলে স্কোরলাইন ৩-৩ করেন ইয়ামাল। লা লিগায় গ্রানাদার বিপক্ষে এই নিয়ে টানা পাঁচ ম্যাচে জিততে ব্যর্থ হলো বার্সেলোনা (৪ ড্র ও একটি হার)। এই ম্যাচ দিয়ে তিন মাস পর মাঠে ফেরেন বার্সেলোনার প্রথম পছন্দের গোলরক্ষক মার্ক-আন্দ্রে টের স্টেগেন। পিঠের চোট এবং পরে অস্ত্রোপচারের ফলে দলটির গত ১৭ ম্যাচে তিনি খেলতে পারেননি।

ত্রয়োদশ মিনিটে প্রথম ভালো সুযোগ পায় বার্সেলোনা। ডান দিক থেকে ইয়ামাল পাস দেন দূরের পোস্টে, ছুটে গিয়ে স্লাইডে বলের নাগাল পাননি লেভানদোভস্কি। পরের মিনিটেই স্বাগতিকদের এগিয়ে নেন ইয়ামাল। বাঁ দিকে প্রতিপক্ষের একজনের বাধা এড়িয়ে জোয়াও কানসেলো ক্রস বাড়ান দূরের পোস্টে, ডান পায়ের ভলিতে জাল খুঁজে নেন ১৬ বছর বয়সী ফরোয়ার্ড।

গত অক্টোবরে গ্রানাদার বিপক্ষে প্রথম দেখায় ২-২ ড্রয়ের দিনে একটি গোল করে লা লিগার ইতিহাসে সর্বকনিষ্ঠ গোলদাতা হওয়ার কীর্তি গড়েন ইয়ামাল। অষ্টাদশ মিনিটে বার্সেলোনাকে বিপদমুক্ত করেন আন্দ্রেয়াস ক্রিস্টেনসেন। বক্সের ভেতর গ্রানাদার অস্কার মেলেন্দোর শট আটকে দেন এই ডেনিশ ডিফেন্ডার।

মাঝে অনেকটা সময় উল্লেখযোগ্য কোনো সুযোগ তৈরি করতে পারছিল না বার্সেলোনা। ৪১তম মিনিটে দারুণ এক পাল্টা আক্রমণে অল্পের জন্য গোল পায়নি তারা। পেদ্রির ব্যাকহিল ফ্লিক বক্সে পেয়ে ইলকাই গিনদোয়ান অন্য পাশে পাস দেন অরক্ষিত লেভানদোভস্কিকে। পোলিশ তারকার শট গোললাইন থেকে ফিরিয়ে দেন এক ডিফেন্ডার।

দুই মিনিট পর উল্টো সমতায় ফেরায় গ্রানাদা। ডান দিকের বাইলাইনের কাছ থেকে সতীর্থের দারুণ পাসে বক্সে জোরাল হাফ ভলিতে গোলটি করেন স্প্যানিশ ডিফেন্ডার সানচেস। ৫৩তম মিনিটে বক্সে ঢুকে বাইরে মেরে হতাশ করেন লেভানদোভস্কি। চার মিনিট পর দুরূহ কোণ থেকে গ্রানাদার পেলিস্ত্রির শট ঠেকান টের স্টেগেন। খানিক পর ৬ মিনিটের মধ্যে গোল হয় ৩টি!

৬০তম মিনিটে এগিয়ে যায় গ্রানাদা। বক্সে হেডে বল ক্লিয়ার করতে পারেননি বার্সেলোনার ডিফেন্ডার পাউ কুবারসি। সতীর্থের পাস দূরের পোস্টে পেয়ে ফাঁকা জালে পাঠান অরক্ষিত পেলিস্ত্রি।

৬৩তম মিনিটে দারুণ গোলে সমতা ফেরান লেভানদোভস্কি। গিনদোয়ানের পাস নিয়ন্ত্রণে নিয়ে বক্সের বাইরে থেকে ডান পায়ের জোরাল শটে লক্ষ্যভেদ করেন ৩৫ বছর বয়সী স্ট্রাইকার। ৬৬তম মিনিটে বার্সেলোনাকে স্তব্ধ করে ফের এগিয়ে যায় সফরকারীরা। বক্সে স্প্যানিশ ডিফেন্ডার মিকেলের হেডে বল টের স্টেগেনের হাত ছুঁয়ে পোস্টে লেগে জালে জড়ায়।

৭৯তম মিনিটে বার্সেলোনার ইনিগো মার্তিনেস গ্রানাদার জালে বল পাঠালেও অফসাইডের কারণে গোল মেলেনি। পরের মিনিটেই নজরকাড়া গোলে ৩-৩ সমতা ফেরান ইয়ামাল। প্রতিপক্ষের একজনের থেকে বল নিয়ন্ত্রণে নিয়ে ২২ গজ দূর থেকে বাঁ পায়ের শটে লক্ষ্যভেদ করেন তিনি। দুই মিনিট পর টের স্টেগেনের দারুণ সেভে বেঁচে যায় বার্সেলোনা। সানচেসের শটে বল এক হাতে ক্রসবারের ওপর দিয়ে পাঠান জার্মান গোলরক্ষক।

শীর্ষে থাকা রিয়াল মাদ্রিদের সঙ্গে ব্যবধানটা ৮ পয়েন্টে নামিয়ে আনার সুযোগ কাজে লাগাতে পারল না বার্সেলোনা। দুই দলের ব্যবধান এখন ১০ পয়েন্টের। ২৪ ম্যাচে ১৫ জয় ও ৬ ড্রয়ে ৫১ পয়েন্ট নিয়ে তিনে আছে বার্সেলোনা। সমান ম্যাচে ৬১ পয়েন্ট নিয়ে চূড়ায় রিয়াল। ৫৬ পয়েন্ট নিয়ে দুই নম্বরে আছে জিরোনা। আরেক ম্যাচে সেভিয়ার বিপক্ষে ১-০ গোলে হারা আতলেতিকো মাদ্রিদ ৪৮ পয়েন্ট নিয়ে চারে আছে। ২৪ ম্যাচে ১৩ পয়েন্ট নিয়ে ১৯ নম্বরে গ্রানাদা।

## ক্যান্সারজয়ী হালারের গোলে

# আফ্রিকার চ্যাম্পিয়ন আইভরি কোস্ট



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** পিছিয়ে পড়েও ভিক্টর ওশিমেনের নাইজেরিয়াকে ফাইনালে ২-১ গোলে পরাজিত করে আফ্রিকান নেশন্স কাপের শিরোপা জয় করেছেন স্বাগতিক আইভরি কোস্ট। এ নিয়ে তৃতীয়বার মহাদেশীয় শিরোপা জয়ের কৃতিত্ব দেখালো আইভরি কোস্ট। গ্রুপ পর্বে আইভরি কোস্টকে অধিনায়ক উইলিয়াম ট্রুস্ট-একংয়ের একমাত্র গোলে পরাজিত করেছিল নাইজেরিয়া। কিন্তু কাল আর তার পুনরাবৃত্তি করতে পারেনি। ফ্রাংক কেসি ৬২ মিনিটে সমতা ফেরান। ৮১ মিনিটে সাইমন আডিনগ্রায়ের ক্রস থেকে হলার স্বাগতিকদের শিরোপা উপহার দেন। এর আগে ১৯৯২ ও ২০১৫ সালে আফ্রিকান নেশন্স কাপের শিরোপা জয় করেছিল আইভরি কোস্ট। একইসাথে এই জয়ের ফলে নাইজেরিয়ার সাথে তিনবার এই শিরোপা জয়ের কৃতিত্ব দেখালো আইভরি কোস্ট। আফ্রিকান বর্ষসেরা খেলোয়াড় ওশিমেনকে নিয়ে উজ্জীবিত নাইজেরিয়াই এবারের আসরের শিরোপা জয়ের সুস্পষ্ট ফেবারিট ছিল। কিন্তু আইভরি কোস্ট ধীরে ধীরে প্রতিযোগিতায় নিজেদের প্রমাণ করেছে। ২০০৬ সালের পর প্রথম স্বাগতিক হিসেবে আফ্রিকান নেশন্স কাপ জয় করলো তারা। ১৮ বছর আগে দিদিয়ের দ্রগবার নেতৃত্বে কায়রোতে অনুষ্ঠিত ফাইনালে পেনাল্টিতে মিশরের কাছে পরাজিত হয়েছিল আইভরি কোস্ট। ম্যাচ শেষে গর্বিত কোচ এমার্স ফা বলেছেন, 'এটা রূপকথার থেকেও বড় কিছু। এই শিরোপা জয়ে আমাদের অনেক কঠিন পথ পাড়ি দিতে হয়েছে। আজকের ম্যাচটিও তেমনই কঠিন ছিল। আমরা অবিশ্বাস্যভাবে বেঁচে গেছি।'

গ্রুপ পর্বে ইকুয়েটোরিয়াল গিনির কাছে ৪-০ গোলে বিধ্বস্ত হবার পর নক আউট পর্বের আগেই বিদায়ের শঙ্কায় পড়েছিল আইভরি কোস্ট। এটাই ঘরের মাঠে তাদের সবচেয়ে বড় পরাজয়। এরপর একে একে সেনাগলকে পেনাল্টিতে, মালিকে অতিরিক্ত সময়ের শেষ মুহূর্তের গোলে ও শেষ চারে ডিআর কঙ্গোকে হলারের গোলে পরাজিত করে ফাইনাল নিশ্চিত করে আইভরি কোস্ট। ৩৮ মিনিটে আদেমোলা লুকমানের কর্ণার থেকে ট্রুস্ট-একং ছয় গজ দূর থেকে নাইজেরিয়াকে এগিয়ে দেন। ৬২ মিনিটে কেসি আইভরি কোস্টকে সমতায় ফেরান। এর আগে বিরতির পর ম্যাচ শুরুর পাঁচ মিনিটের মধ্যে ম্যাক্স-এ্যালাইন গ্রাডেলের শট লাইনের উপর থেকে ক্লিয়ার করেন নাইজেরিয়ান ডিফেন্ডার কালভিন বাসে। ৮১ মিনিটে আদিনগ্রার ক্রস থেকে ক্যান্সারজয়ী হালার কোনাকুনি শটে স্বাগতিকদের জয় নিশ্চিত করেন।

# রিয়াল শিবিরে বড় ধাক্কা, ছিটকে গেলেন বেলিংহ্যাম




**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** মৌসুমের গুরুত্বপূর্ণ সময়ে বড় এক ধাক্কা খেল রিয়াল মাদ্রিদ। অ্যাঙ্কেলের চোটে ছিটকে গেলেন দারুণ ফর্মে থাকা ইংলিশ মিডফিল্ডার জুড বেলিংহ্যাম।

লা লিগায় গত শনিবার জিরোনার বিপক্ষে রেয়ালের ৪-০ ব্যবধানে জয়ের ম্যাচে জোড়া গোল করেন বেলিংহ্যাম। দ্বিতীয়ার্ধের শুরুর দিকে প্রতিপক্ষের মিডফিল্ডার পাবলো তোরের চ্যালেঞ্জে পায়ে আঘাত পেয়ে তিনি মাঠে বসে পড়েন। প্রাথমিক চিকিৎসার পর খেলা চালিয়ে যেতে পারেননি। তাকে তুলে ব্রাহিম দিয়াসকে নামান কোচ কার্লো আনচেলত্তি।

পরীক্ষায় ২০ বছর বয়সী এই তারকার বাম অ্যাঙ্কেলে 'হাই গ্রেড স্প্রেইন' ধরা পড়েছে বলে ক্লাবের ওয়েবসাইটে জানিয়েছে রিয়াল। সেরে উঠতে কতদিন লাগবে, সে ব্যাপারে ক্লাবের পক্ষ থেকে কিছু বলা হয়নি। তবে স্প্যানিশ সংবাদমাধ্যমগুলোর খবর, তিন সপ্তাহ মাঠের বাইরে থাকতে হবে বেলিংহ্যামকে। সেক্ষেত্রে দলের পরের চার ম্যাচে তিনি খেলতে পারবেন না।

১৩ ফেব্রুয়ারি চ্যাম্পিয়ন্স লিগের শেষ ষোলোর প্রথম লেগে লাইপজিগের মুখোমুখি হবে রেয়াল। এরপর লা লিগায় তাদের তিন ম্যাচ আছে রায়ো ভাইয়েকানো, সেভিয়া ও ভালেন্সিয়ার বিপক্ষে। আগামী ৬ মার্চ সান্তিয়াগো বের্নাবেউয়ে লাইপজিগের বিপক্ষে ফিরতি লেগের ম্যাচ দিয়ে বেলিংহ্যাম মাঠে ফিরবেন বলে ধারণা করা হচ্ছে।

চোটে পড়ার আগে দারুণ ছন্দে ছিলেন তিনি। বরুশিয়া ডর্টমুন্ড থেকে গত জুনে বের্নাবেউয়ে পা রাখার পর রেয়ালের জার্সিতে সব প্রতিযোগিতা মিলিয়ে ২৯ ম্যাচে ২৮ গোলে সম্পৃক্ত থেকেছেন প্রতিভাবান এই ফুটবলার। এর মধ্যে গোল করেছেন ২০টি, অ্যাসিস্ট ৮টি।

একের পর এক খেলোয়াড়ের চোটে এমনিতেই জেরবার রেয়ালের রক্ষণভাগ। এবার সেখানে বেলিংহ্যামকে হারানোর দুঃসংবাদ শুনতে হলো তাদের।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR